অজ্ঞাতকুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ। মার্জ্জারস্য হি দোষেণ হতো গৃদ্ধ্রো জরদ্গবঃ।

যাহার কুল ও স্বভাব জ্ঞাত নহে তাহাকে বাসস্থান দেওয়া উপযুক্ত নহে যেহেতুক বিড়ালের দোষেতে জরদ্গব নামে গৃধ্রু নষ্ট হইল।

قهر درویش بجان درویش

ভিক্ষুকের ক্রোধ কেবল তাহার মানসে পীড়া দেয় মাত্র।

A beggar's anger vexes himself only.

যাচকের উষ্মা কেবল তাহার আপনাকেই দুঃখ দেয় মাত্র।

ভিক্ষোস্ত্বং পরিমুঞ্চ কোপদহনং দাবাগ্নি সম্যক্‌প্রভং যত্তেনৈব ন দহ্যতে বিধিলিপির্নোবা বদান্যো জনঃ। নোচেত্ত্বং পরিহাস্য মন্দির গতো নির্ভৎস খেদানিলৈর্দীপ্তাগ্নিঃ কুরুষে সুদুর্ল্লভ তনুং স্বাং ভস্ম কেন ক্ষণাৎ।

হে ভিক্ষুক দাবানলের তুল্য প্রভা যে তোমার কোপানল তাহাকে ত্যাগ করহ যেহেতুক তাহাতে বিধাতার লিপি দগ্ধ হইবেক না অথবা দাতা সকলও দগ্ধ হইবেন না অতএব যদি কোপাগ্নি ত্যাগ না করহ তবে তুমি পরিহাস্য স্থানগত হইয়া তিরস্কার জন্য খেদরূপ বায়ু কর্ত্তৃক জ্বলিতাগ্নি হইয়া আপনার সুদুর্ল্লভ শরীরকে ক্ষণকালের মধ্যে কেন ভস্মসাৎ করহ।

مار گزیده از ریسمان می ترسد

একবার যাহাকে সর্পে দংশন করিয়াছে সে রজ্জু দেখিয়াও ভয় করে।

A burnt child must fear the fire.

অগ্নিকর্ত্তৃক দগ্ধ যে বালক সে অবশ্যই অগ্নিকে ডরায়।

দুর্জ্জন দূষিত মনসঃ সুজনে নাস্তি বিশ্বাসঃ। বালঃ পায়স দগ্ধো দধি ফুৎকৃত্য ভুঞ্জীত।

যে ব্যক্তির অন্তঃকরণ দুর্জ্জনকর্ত্তৃক দূষিত হইয়াছে সে ব্যক্তির সুজনেও বিশ্বাস হয় না। যথা পায়স ভোজনে দগ্ধাশ্য যে বালক সে দধিতেও ফুৎকার দিয়া ভক্ষণ করে।

مار نزاید بجز مار بچه

সর্পের সন্তান সর্প ব্যতীত হয় না।

A snake must beget a snake.

সর্পের সন্তান সর্পই জন্মে।

জনয়ন্তি সুতান্ সর্পঃ স্বাকৃতীন্ সকলানপি। পিশুনস্যাকরে জন্ম সাধূনাং কুত্র সম্ভবঃ।

সর্প তাহার সকল সন্তানকেই আত্ম সদৃশ উৎপন্ন করে যেহেতুক খলের আকরে সাধুর জন্ম কোথায় হয়।

کند همجنس با همجنس پرواز کبوتر با کبوتر باز با باز

পক্ষি সকল স্বস্বজাতীয় পক্ষির সহিত উড্ডীয়মান হয় যথা কপোত কপোতেরই সহিত এবং শ্যেন শ্যেনেরই সহিত।

Birds of a feather will flock together.

পক্ষবিশিষ্ট যে পক্ষী ইহারা স্বশ্রেণীতেই একত্র হয়।

পক্ষিণঃ পক্ষি সঙ্ঘেষু মনুষ্যা মানবেষু চ।

পক্ষি সকল পক্ষির সহিত সহবাস করে ও মনুষ্য সকল মনুষ্যেরই সহিত সংসর্গ করে।

অন্যচ্চ। যোগ্যং যোগ্যেন যুজ্যতে।

সমযোগিতাহেতুক যে যাহার যোগ্য সে তাহারি সহিত নিযুক্ত হয়।

هرچه در دل فرود آید در دیده نکو نماید

যাহা মনে লাগে তাহা চক্ষুতেও ভাল লাগে।

Whatever is pleasing to the mind, is beautiful to the eyes.

যাহা অন্তঃকরণে আহ্লাদজনক হয় তাহা চক্ষুতেও সুদৃশ্য বোধ হয়।

কিমপ্যস্তি স্বভাবেন সুন্দরঞ্চাপ্যসুন্দরং। যদেব রোচতে যস্মৈ ভবেত্তত্তস্য সুন্দরং।

সহজে সুন্দর ও কুৎসিতে কি হয় ফলিতার্থ যাহাতে যাহার রুচি তাহাই তাহার সুন্দর বোধ হয়।

همت مردان کارها دارد

পুরুষের সাহসে সকল কর্ম্ম দর্শে।

The resolution of man encompasses all things.

পুরুষের দৃঢ় প্রতিজ্ঞায় সকলি লব্ধ হয়।

লেভে সাহসমাস্থায় ধ্রুবঃ সর্ব্বোত্তমং পদং।

সাহসে আস্থা করিয়া পঞ্চম বর্ষীয় বালক ধ্রুব তিনি সর্ব্বোৎকৃষ্ট পদ প্রাপ্ত হইয়াছিলেন।

অন্যচ্চ। সাহসে ভজতে লক্ষ্মীঃ।

সাহসেতেই লক্ষ্মী বশীভূতা হয়েন।

زر اگر بر سر فولاد نهی نرم شود

ফূলাদ্ অতি কঠিন ধাতু কিন্তু সেও যদি স্বর্ণপ্রাপ্ত হয় তবে কোমল হয়।

Money commands all.

অর্থেতে সকলকেই শাসিত করে।

অর্থেন সর্ব্বে বশাঃ।

ধনদ্বারা সকলেই বশীভূত হয়।

مال خویش پیش چشم خویش

আপনার ধন আপনার চক্ষুতেই রক্ষা।

It is better to guard your property with your own eyes.

তোমার ধন তোমারি চক্ষুতে রক্ষা করা কর্ত্তব্য।

স্বদারা ধন রত্নানি নিজবশ্যানি কারয়েৎ। অন্যথা তানি গচ্ছন্তি ত্যক্ত্বা কাপুরুষাধমং।

আপনার স্ত্রী ও ধনরত্নাদি স্বকীয় বশে রাখিবেক। নতুবা কাপুরুষকে ত্যাগ করিয়া ঐ সকল অন্যস্থানে প্রস্থান করে।

مشورت با زنان تباه است

স্ত্রীলোকের সহিত মন্ত্রণা সাংঘাতিক হয়।

Counsel among women is certain ruin.

স্ত্রীলোকের সঙ্গে পরামর্শ কেবল সর্ব্বনাশের হেতু।
স্ত্রীবুদ্ধিঃ প্রলয়ঙ্করী।

স্ত্রীবুদ্ধি প্রলয়কে করে।

نادان بقیاس خود دانا

মূর্খ আপনার বোধে পণ্ডিত।

A fool is wise in his own conceit.

অজ্ঞান আপন জ্ঞানে জ্ঞানী।

বাহ্যজ্ঞান বিহীনানাং মূঢানাং মতিরীদৃশী। শ্রেষ্ঠোঽহং সর্ব্বভূতানাং পণ্ডিতঃ পরমোমতঃ।

বাহ্যজ্ঞানশূন্য মূর্খ সকলের এইরূপ বোধ হয় যে সকল লোকের মধ্যে আমিই শ্রেষ্ঠ এবং আমিই পরম জ্ঞানবান্ পণ্ডিত।

যিনি দন্ত দেন তিনিই আহার দেন।

Those to whom God gives teeth, he also gives bread.

যাহাকে ঈশ্বর দন্ত দেন তাহাকে আহারও দেন।

বৃত্ত্যর্থং নাতিচেষ্টেত সা বিধাত্রৈব নির্ম্মিতা। গর্ভান্নিপতিতে জন্তৌ মাতুঃ প্রস্রবতস্তনৌ।

জীবিকার নিমিত্তে অতিশয় চেষ্টা অকর্ত্তব্য যেহেতুক তাহা পরমেশ্বরকর্ত্তৃক নির্দ্ধারিতা হইয়াছে যথা গর্ভহইতে জীব নির্গত হওনমাত্রেই মাতৃস্তনহইতে ক্ষীর ক্ষরে।

অন্যচ্চ। যেন শুক্লীকৃতা হংসাঃ শুকাশ্চ হরিতীকৃতাঃ। ময়ূরাশ্চিত্রিতা যেন সতে বৃত্তিং বিধাস্যতি।

যিনি হংসগণকে শুক্ল করিয়াছেন ও শুক পক্ষিকে হরিত্ বর্ণ করিয়াছেন ও ময়ূর পংক্তিকে চিত্রিত করিয়াছেন তিনিই তোমার জীবিকার বিধান করিবেন।

هر ناوان بکار خویش دانا

সকল মূর্খ আপনার কর্ম্মে পণ্ডিত।

Every fool knows his own trade.

অজ্ঞান ও আপনার ব্যবসায়ে তৎপর।

অন্য কর্ম্ম বিমূঢোয়ো আত্মকর্ম্ম বিশারদঃ। যথা পশ্য ন জানাতি স্তনপানেতরৎ শিশুঃ।

অন্য কর্ম্মে অজ্ঞ যে ব্যক্তি সে স্বকীয় কর্ম্মে বিজ্ঞ। তাহার দৃষ্টান্ত দেখ শিশু কিছুই জানে না কিন্তু স্তন পানে পণ্ডিত।

هر کس بخیال خویش خبطی دارد

সকলেরি আপনার অন্তঃকরণবর্ত্তি বিষয়েতেই আশক্তি।

Every one delights in his own hobby horse.

সকলেই আপনার বেটুয়াঘোড়াতেও তুষ্ট।

কিমপ্যস্তি স্বভাবেন সুন্দরঞ্চাপ্যসুন্দরং। যদেব রোচতে যস্মৈ ভবেত্তত্তস্য সুন্দরং।

সহজে সুন্দর কুৎসিতে কি হয় যাহাতে যাহার রুচি তাহাই তাহার সুন্দর।

অন্যচ্চ। দধি মধুরং মধু মধুরং দ্রাক্ষাপি মধুরা। তস্য তদেবহি মধুরং যস্য মনো যত্রলগ্নং।

দধি মধুর এবং মধুও মধুর অথচ দ্রাক্ষাও মধুরা কিন্তু যাহার মন যাহাতে লগ্ন হয় তাহার তাহাই মধুর।

یار باقی صحبت باقی

সভাতে প্রিয় ব্যক্তির অভাবে সকলি অভাব।

If you are without a friend, society is at an end.

বন্ধু বিনা সকলি শূন্য।

দিক্ শূন্যশ্চেদবান্ধবাঃ।

বান্ধব না থাকিলে যে দিগে দৃষ্টি করহ সে দিক শূন্য।

در دولت دوست می‌شود و در افلاس امتحان دوستی

সম্পদে অনেক বন্ধু হয় কিন্তু বিপদে বন্ধুর পরীক্ষা।

Prosperity gains friends, and adversity tries them.

সম্পদে বন্ধু লাভ কিন্তু বিপদে পরীক্ষা।

যে চান্যে সুহৃদঃ সমৃদ্ধি সময়ে দ্রব্যাভিলাষাকুলা স্তে সর্ব্বত্র মিলন্তি তত্র নিকষ গ্রাবাতু তেষাং বিপৎ।

আর ধনাভিলাষে আকুল হইয়াছেন এমন যে সকল সম্পৎকালীন সুহৃদ তাহারা সর্ব্বত্রেই প্রাপ্ত হয় কিন্তু বিপদ্ তাহার দিগের পরীক্ষার জন্যে কষ্টি পাথর। /

دوست آن باشد که گیرد دست دوست در پریشان حال و درماندگی

সেই বন্ধু যে বন্ধুর দুঃখিতাবস্থায় এবং ক্ষীণতায় হাত ধরিয়া তোলে।

A friend in need, is a friend indeed.

দুঃখেতে যে বন্ধু থাকে সত্য বন্ধু বলি তাকে।

স বন্ধুর্যো বিপন্নানামাপদুদ্ধারণক্ষমঃ।

সেই বন্ধু যে বিপদ্‌গ্রস্তের বিপদুদ্ধারে শক্ত হয়।

هزار دوست کم است ویک دوست بسیار

সহসু বন্ধুতেও কার্য্য দর্শে না কিন্তু যথার্থ বন্ধু একেই অনেক।

A man may have a thousand intimate acquaintances, and not a friend among them all. If you have one friend, think yourself happy.

এক ব্যক্তির সহসু আত্মীয় আলাপ্য হয় কিন্তু তাহার মধ্যে এক জনও বন্ধু নয়। এতাবতা যদি এক জন বন্ধু লাভ হয় তথাপি আপনাকে সুখী জ্ঞান করা কর্ত্তব্য।

একো মিত্রো ভূপতির্ব্বা যতির্ব্বা একা ভার্য্যা সুন্দরী বা দরী বা।

এক মিত্রই ভাল ইহাতে ভূপতি রাজাই হউক কিম্বা যতি সন্যাসীই হউক এবং স্ত্রী একটিই শ্রেয়সী তাহাতে সুন্দরীই হউক অথবা কুৎসিতা হউক।

این دغل دوستان که می بینی مگسان اند دور شیرینی

এই সকল প্রতারক বন্ধু যাঁহারদিগ্‌কে দেখিতেছ ইহাঁরা কেবল সময় মধুর মক্ষিকাস্বরূপ।

Daub yourself with honey, and you'll never want flies.

সর্ব্বাঙ্গে মধুলেপন করিলে মক্ষিকার অভাব নাই।

খাদিতং প্রাপ্যতে যাবত্তাবদেবহি বান্ধবাঃ। শিশিরে পদ্মিনীং ভৃঙ্গঃ কটাক্ষেণাপি নেক্ষতে।

যতক্ষণ উপভোগ ততক্ষণই সকল বন্ধু বান্ধব যেহেতুক শিশিরকালীন পদ্মিনীকে ভ্রমর কটাক্ষেও অবলোকন করেন না।

بگویم نکو خواه آن یارتست که گوید فلان خار در راه تست

যে বন্ধু তোমার পথের কণ্টক কহিয়া দেয় সেই বন্ধুই তোমার যাথার্থ হিতৈষী।

Our best friends are those who tell us of our faults, and teach us how to correct them.

সেই সদ্বন্ধু যে সমক্ষে আমারদিগের দোষ কহে এবং কি প্রকারে তাহা মোচন হয় তাহা উপদেশ করে।

পাপান্নিবারয়তি যো যজতে হিতায় দোষঞ্চ গূহতি গুণান্ প্রকটী করোতি আপদ্গতঞ্চ সুহৃদং ন জহাতি কালে সন্মিত্রলক্ষণমিদং প্রবদন্তি সন্তঃ।

যে ব্যক্তি মিত্রকে দোষহইতে নিবারণ করে এবং হিত কর্ম্মে যোজনা করে অথচ অসমক্ষে দোষাচ্ছাদনপূর্ব্বক গুণ প্রকাশ করে এবং আপদ্গ্রস্ত দেখিয়া পরিত্যাগ না করে সেই উত্তম বন্ধু যাহা পণ্ডিতেরা কহিয়াছেন।

همنشین تو از تو به باید تا ترا عقل و دین بیفزاید

তোমার সংসর্গী তোমার অপেক্ষা উৎকৃষ্ট হইলে ভাল যেহেতুক তদ্দ্বারা তোমার বুদ্ধি ও ধর্ম্মের বৃদ্ধি।

If you desire refreshment, associate yourself with your equals; but if profit, with your superiors.

যদি আমোদ প্রমোদ চাহ তবে তোমার সমযোগ্যের সহিত বাস করহ কিন্তু যদি উপকার বাঞ্ছা করহ তবে তোমার অপেক্ষা উৎকৃষ্ট লোকেরদের সঙ্গ করহ।

হীয়তেহি মতির্যস্মাৎ হীনৈঃ সহ সমাগমাৎ সমৈশ্চ সমতাং যাতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাং।

যেহেতুক হীন লোকের সহিত সমাগম করিলে মতি হীনা হয় ও সমানের সহ সাহিত্য করিলে সমানা হয় অতএব বিশিষ্টের সঙ্গে সঙ্গ করিলে বুদ্ধি বিশিষ্টা হয়।

سگ اصحاب کهف روزی چند پی نیکان گرفت مردم شد

পাঁচ জন সাধুর সংসর্গী কুক্কুর কিঞ্চিৎ কাল সাধু পথাবলম্বন হেতুক সাধুত্ব প্রাপ্ত হইয়াছিল।

Society with the wise improves the understanding.

জ্ঞানবান্ লোকের সহিত সহবাস করিলে বুদ্ধি সুশিক্ষিতা হয়।

কাঁচঃ কাঞ্চন সংসর্গাদ্ধত্তে মারকতীং দ্যুতিং।

কাঁচ যদি কাঞ্চন সংসর্গে থাকে তবে মরকত বর্ণ প্রাপ্ত হয়।

ای برادر می گریز از یار بد   یار بد بدتر بود از مار بد

مار بد تنها ترا بر جان زند   یار بد بر جان و بر ایمان زند

হে ভ্রাতঃ খলের সঙ্গকে দূরে পরিহার কর যেহেতুক খল ব্যক্তি সর্প হইতেও ক্রূরতর কারণ সর্প ক্রূর কেবল প্রাণে আঘাত করে কিন্তু খল ক্রূর প্রাণে এবং ধর্ম্মে উভয়ে আঘাত করে।

Be far from forming intimate connexions with the vicious; they bring us dishonor and misery.

দুর্জ্জনের সহিত সখ্যতার নির্বন্ধ হইতে দূরে থাক যেহেতুক তদ্দারা অপমান ও দুঃখ সংঘটন হয়।

সর্পঃ ক্রূর খলঃ ক্রূরঃ সর্পাৎ ক্রূরতরঃ খলঃ। মন্ত্রৌষধিবশঃ সর্পঃ খলঃ কেন নিবার্য্যতে।

সর্প এবং খল উভয়েই ক্রূর কিন্তু খলব্যক্তি সর্প হইতেও ক্রূরতর যেহেতুক সর্প মন্ত্রের ও ঔষধের বশ বটে কিন্তু খলকে কোন প্রকারেই নিবারণ করা যায় না।

অন্যচ্চ অসতাং সঙ্গ মুৎসৃজ্য সৎসুসঙ্গং সমাচরেৎ। অসতাং সঙ্গ দোষেণ মাণ্ডব্যঃ শূলমাপ্তবান্।

অসৎ সঙ্গ পরিত্যাগ করিয়া সাধুসঙ্গ করিবেক যেহেতুক অসৎ সঙ্গ দোষে মাণ্ডব্য মুনি শূলপ্রাপ্ত হইয়াছিলেন।

صحبت نا جنس صاحب سد راه سالک است
فلفل از پرواز مانع می شود کافور را

অসৎ সঙ্গ সৎপথাবলম্বনে প্রতিবাধক যেমন মরিচ কর্পূরের বহির্গমনে পথরোধক।

Evil Companions generally prevent us from associating with the wise.

কুসঙ্গ সৎসঙ্গ করণে সর্ব্বদা বাধা জন্মায়।

কণ্টকাবরণং যাদৃক্ ফলিতস্য ফলাপ্তয়ে। তাদৃগ্দুর্জ্জন সঙ্গোঽপি সাধু সঙ্গায় বাধতে।

ফলবান্ বৃক্ষের ফল প্রাপ্তিতে যেরূপ কণ্টকাবরণ বাধা জন্মায় সেইরূপ দুর্জ্জনের সঙ্গ সাধুসঙ্গ প্রাপ্তিতে বাধা জন্মায়।

بشوی ای خردمند از آن دوست دست که با دشمنانت بود هم نشست

তোমার বিপক্ষের সহিত সহবাস করে এমন যে বন্ধু তাহার আশা পরিত্যাগ করহ।

Place no reliance in that friend, who associates with your enemies.

যে বন্ধু তোমার শত্রুর সহিত সাহিত্য করে তাহার প্রতি কিঞ্চিৎ বিশ্বাসও করিও না।

পরোক্ষে কার্য্য হন্তারং প্রত্যক্ষে প্রিয় বাদিনং বর্জ্জয়েত্তাদৃশং মিত্রং বিষকুম্ভং পয়োমুখং।

সাক্ষাতে মিষ্ট ভাষী অথচ অসাক্ষাতে কার্য্য দ্বেষী এমন যে মুখে দুগ্ধ অন্তরে বিষযুক্ত ঘটস্বরূপ বন্ধু তাহাকে ত্যাগ করিবেক।

تا مرد سخن نگفته باشد عیب و هنرش نهفته باشد

যতক্ষণ মনুষ্য কথা না কহে ততক্ষণ তাহার দোষগুণ আচ্ছাদিত থাকে।

Until a man hath spoken, his defects and his skill are concealed.

যাবৎ কেহ বাক্য ব্যয় না করে তাবৎ তাহার দোষ গুণ অপ্রকাশ থাকে।

তাবচ্চ শোভতে মূর্খো যাবৎ কিঞ্চিন্নভাষতে।

তাবৎ কাল মূর্খ শোভা পায় যাবৎ কোন কথা না কহে।

پرتو نیکان نہ گیرد ہرکہ بنیادش بد است

যাহার মূল দুষ্ট সে কখন শিষ্টের ধর্ম্মাক্রান্ত হয় না।

An evil root will not thrive in goodly shade.

যাহার মূল মন্দ সে কখন সতের ছায়া প্রাপ্ত হয় না।

স্বভাবতঃ সুনীচানাং নীচত্বং নৈব মুঞ্চতি। পালিতে শূকরে দুগ্ধৈঃ স্বাহারং ন ত্যজেৎ কুচিৎ।

স্বভাবতো যাহারা নীচ তাহারদিগের নীচতা ত্যাগ হয় না।

যথা দুগ্ধ করণক শূকর শিশু যদি প্রতিপালিত হয় তথাপি তাহার জাতীয় আহারকে ত্যাগ করে না।

خوی بد در طبیعتی کہ نشست نرود جز بوقت مرگ از دست

অন্তঃকরণবর্ত্তি কুস্বভাব মরণ না হইলে ত্যাগ হয় না।

Good or bad habits, formed in youth, generally go with us through life.

সদসৎ যে স্বভাব বালক কালে সংস্কারপ্যাপ্ত হয় তাহা যাব জ্জীবন তাবৎ কালই থাকে।

স্বভাবো যাদৃশো যস্য ন জহাতি কদাচন। অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি।

যাহার যে স্বভাব তাহা কদাচ ত্যাগ হয় না দেখ অঙ্গার শতবার ধৌত হইলেও তাহার স্বাভাবিক মলিন বর্ণকে ত্যাগ করে না।

قدر گل بلبل بداند قدر جوہر جوہری

কমলের কর্ম্ম ভ্রমরেই জানে এবং রত্নের মর্য্যাদা রত্নবণিকেই জ্ঞাত।

A wise man only appreciates the value of knowledge, but an ignorant man does not ; for he from his ignorance is generally in the habit of hating it.

বিজ্ঞ ব্যক্তিই জ্ঞানের মর্ম্ম জানে অজ্ঞ ব্যক্তি জানে না যেহেতুক অজ্ঞ অজ্ঞতা স্বভাবে সহজেই নিন্দা করে।

গুণীগুণং বেত্তি নবেত্তি নির্গুণী বলী বলং বেত্তি ন বেত্তি নির্বলী। পিকো বসন্তস্য গুণং ন বায়সঃ করী মৃগেন্দ্রস্য বলং ন মূষিকঃ।

গুণী গুণের মর্ম্ম জানে নির্গুণী জানে না অথচ বলী বলবানের বল জানে নির্বলী জানে না যথা বসন্তের গুণ কোকিলেই জানে

কাকে জানে না এবং হস্তীই সিংহের পরাক্রম জানে মূষিকে জানে না।

پشه چو پرشد بزند پیل را

মশা সকলে একত্র হইলে হস্তীকে মারিতে পারে।

Union among men may overcome strong enemies. Behold a swarm of gnats engage an elephant, notwithstanding all his strength and valour.

ঐক্যদ্বারা প্রবল শত্রুকে জয় করা যায় দেখ মশার সৈন্যদল হস্তির সমূহ বল থাকিতেও বিকল করে।

তৃণৈর্গুণত্বমাপন্নৈর্বদ্ধ্যন্তে মত্ত দন্তিনঃ।

তৃণ সকল এক যোগে রজ্জুত্ব পাইলে মত্ত হস্তিকে বদ্ধ করিতে পারে।

دو دل بودن بجز بیحاصلی نیست

দুই পক্ষে মন গেলে নিষ্ফল ব্যতীত মানস সফল হয় না।

He that thinks of many things, thinks of nothing: and he that would go several ways, stands still.

যাহার মন নানা পক্ষে ধায় তাহার কোন চিন্তাই সিদ্ধ হয় না অথচ যে ব্যক্তি নানা পথে চলে সে কোন স্থানেই পঁহুছে না।

নকুলেন হৃতং মাংসং মৎস্যোঽপি সলিলং গতঃ। মৎস্য মাংস পরিভ্রষ্টা কিং নিরীক্ষসি জম্বুকি।

দুই পক্ষে মানস করাতে নকুলে মাংস হরিয়া লইল এবং মৎস্যও জলমধ্যে প্রবেশ করিল অতএব হে জম্বুকি তুমি মৎস্য মাংস উভয়ে ভ্রষ্টা হইয়া কি দেখিতেছ।

تو پاک باش و مدار ای برادر از کس باک

হে ভ্রাতঃ তুমি যদি স্বয়ং নির্ম্মলচিত্ত হও তবে কাহাকেও ভয় নাই।

Be always just and fear not.

সর্ব্বদা ন্যায়েতে থাক তবে কাহারও প্রতি শঙ্কা নাই।

সৌজন্যং যদি কিং পরৈঃ সুমহিমা যদ্যস্তি কিং মণ্ডনৈঃ।

আপনার সুজনতা থাকিলে পরে কি করিতে পারে। এবং সুখ্যাতি থাকিলে ভূষণে কি প্রয়োজন।

آنرا که حساب پاک است از محاسبه چه باک

যাহার গণনা শুদ্ধ তাহার পরীক্ষা দেওনে ভয় কি।

He who has a clear conscience, what has he to apprehend from investigation.

যে ব্যক্তি ধর্ম্মে শুচি সে ব্যক্তির পরীক্ষা দেওনে ভয় কি।

ন্যায় প্রবৃত্তস্য জনস্য কিঞ্চিদ্ভয়ং নবাত্রৈব পরত্রকেহপি।
অন্যায় বৃত্তস্য সদা ভয়ং স্যাদ্ যতঃ স্বপাপং গুহিতুং ন শক্যঃ।

যে ব্যক্তি ন্যায়ী তাহার ইহলোকে বা পরলোকে কুত্রাপি ভয় নাই কিন্তু যে ব্যক্তি অন্যায়ী তাহার সদাসর্ব্বত্রেই ভয় যেহেতুক তাহার পাপ কর্ম্ম কোনমতেই গোপন থাকে না।

اسپ تازی اگر ضعیف بود همچنان از طویلهٔ خر به

তাজী ঘোড়া যদ্যপিও শরীরে কৃশ হয় তথাপি গর্দ্দভ সমূহে তে পরিপূর্ণ যে গর্দ্দভশালা তাহাহইতে উৎকৃষ্ট।

One Arab horse though lean, is preferable to a stable full of asses.

একটি আরবীয় ঘোড়া যদিস্যাৎ দুর্ব্বল তথাপি গর্দ্দভ সমূহহই তে সবল।

নাকৃতি গুরুতা গুরুতা বিক্রমগুরুতা গরীয়সী পুংসাং। গিরি পরিমাণং করিণং কৃশক শরীরঃ কেশরী হন্তি।

শরীরের স্থূলতায় গুরুতা হয় না কিন্তু বিক্রম মাহাত্ম্যেই মা হাত্ম্য। যেহেতুক পর্ব্বত পরিমিত যে হস্তী তাহাকে অতিকৃশ সিংহে নষ্ট করে।

قضا دگر نه شود در هزار ناله واه

সহস্রবার ক্রন্দন ও পরিতাপ করিলেও অদৃষ্ট লিপি অন্যথা হয় না।

Nothing can prevent the effects of Destiny.

কোন মতে অদৃষ্টের শক্তিকে নিবারণ করা যায় না।

ললাট লেখো ন পুনঃ প্রয়াতি।

অদৃষ্ট লিপি যাহা হইবার একবারই হইয়াছে পুনর্ব্বার আর হয় না।

خبری کن ای فلان و غنیمت شمار عمر
زان پیشتر که بانگ بر آید فلان نماند.

হে মনুষ্য যতক্ষণ জীবন ততক্ষণকেই অধিক বোধ করিয়া অমুক নাই একথা কহনের পূর্ব্বেই ধর্ম্ম সঞ্চয় করহ।

Neglect no opportunity of doing good.

ধর্ম্ম সঞ্চয় করণে ক্ষণকাল বিলম্ব করিও না।

গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ।

যমকর্ত্তৃক কেশে গৃহীতের ন্যায় আপনাকে বোধ করিয়া ধর্ম্ম আচরণ করিবেক।

هر که در وقت توانائی نیکوئی نکند در وقت ناتوانائی سختی بیند

যে ব্যক্তি আপন সাধ্য কালে সৎকর্ম্ম সাধন না করে সে ব্যক্তি যখন অপটু হয় তখন ক্লেশ পায়।

He that will not when he may,

When he fain would, shall have nay.

যে ব্যক্তি ক্ষমতা থাকিতে না করে সে ব্যক্তি যখন ক্ষীণ হইবেক তখন কিছু পাইবেক না।

প্রথমে নার্জ্জিতা বিদ্যা দ্বিতীয়ে নার্জ্জিতং ধনং তৃতীয়ে নার্জ্জিতং পুণ্যং চতুর্থে কিং করিষ্যতি।

যে ব্যক্তি প্রথমে বিদ্যোপার্জ্জন না করিলেক এবং দ্বিতীয়াবস্থায় ধনোপার্জ্জন না করিলেক সে চতুর্থে অর্থাৎ বৃদ্ধ হইলে আর কি করিবেক।

رزق هر چند بی گمان برسد شرط عقل است جستن از درها

আহার যদিস্যাৎ নিঃসন্দেহ জীবকে পহুঁছে তথাপি বুদ্ধির তাৎপর্য্য এই যে দ্বারে দ্বারে তাহার অন্বেষণ করিতে হয়।

He that waits upon fortune is never sure of a dinner.

যে ব্যক্তি অদৃষ্টের প্রতি নির্ভর করে সে এক সন্ধ্যা আহারের নিমিত্তেও নির্বিঘ্ন নয়।

দৈবং নিহত্য কুরুপৌরুষমাত্ম শক্ত্যা যত্নে কৃতে যদি ন সিদ্ধতি কোঽত্র দোষঃ।

দৈবকে ত্যাগ করিয়া আপন শক্ত্যনুসারে উদ্যোগ করহ। যত্ন করিলে যদি সিদ্ধ না হয় তবে ইহাতে দোষ কি।

تا برو رنج گنج میسر نمی شود مزد آن گرفت جان برادر که کار کرد

দুঃখ না সহিলে সুখ লাভ হয় না। হে ভ্রাতঃ যে কর্ম্ম করে সেই পুরস্কার পায়।

Quick at work, quick at meat.

কর্ম্মেতে তৎপর অন্ন পায় সত্বর।

যেন যত্নাৎ কৃতং কার্য্যং স এব ফলমশ্নুতে। অননুষ্ঠিত কার্য্যস্য অলসস্য কুতঃ সুখং।

যে ব্যক্তি যত্নপূর্ব্বক কর্ম্ম করে সেই ব্যক্তিই ফল লাভ করে নতুবা যাহার দ্বারা কার্য্যের অনুষ্ঠান না হয় এমত অলস ব্যক্তির সুখ কোথায়।

قدر عافیت کسی داند که به مصیبتی گرفتار آید

সম্পদের সুখ সেই জানে যে বিপদে পড়িয়াছে।

No man hath a thorough taste of prosperity, to whom adversity never happened.

যাহাকে কখন বিপদ্ ঘটে নাই সে সম্পদের যথার্থ মর্ম্ম জানে না।

সুখস্য মর্ম্মাণি নবেত্তি সম্পদি বিশেষতো বেত্তি সুখী বিপদ্গতে। তটস্থিতস্তীরসুখং ন বোধতি স এব চাবর্ত্তগতঃ প্রবোধতি।

সুখিব্যক্তি সখের মর্ম্ম সম্পৎ কালে জানিতে পারে না কিন্তু বিপদ্গত কালে বিশেষতো জানিতে পারে। যেমন তীরস্থিত যে ব্যক্তি সে তীরের কি গুণ তাহা জানে না কিন্তু ঘূর্ণিত জল মধ্যে যে ব্যক্তি পড়িয়াছে সেই ব্যক্তিই তীরের সুখবোধ করে।

دروغ مصلحت آمیز به از راستی فتنه انگیز

উপকার সমশুর মিথ্যাবাক্য অনুপকার উৎপাদক সত্য বাক্য হইতেও ভাল।

Falsehood mixed with good advice, is preferable to truth tending to excite strife.

যুক্তি সংযুক্ত মিথ্যাকথন অনিষ্টজনক সত্য বচন অপেক্ষা প্রশংসিত।

ব্রাহ্মণার্থে গবার্থে বা বৃত্ত্যর্থে পাণ সঙ্কটে বিবাদে চ বিবাহে চ নানৃতং স্যাজ্জুগুপ্সিতং।

ব্রাহ্মণের নিমিত্তে বা গরুর নিমিত্তে বা জীবনের নিমিত্তে বা

প্রাণ সঙ্কটে অথবা বিবাদ ভঞ্জনে কিম্বা বিবাহ নির্ব্বন্ধনে মিথ্যা কথন নিন্দিত নহে।

عمر قلیل آمد و علمست کثیر انچه ضروریست همان پیش گیر

আয়ুর্দায় অত্যল্প কিন্তু বিদ্যা অশেষ অতএব যাহা সার তাহাই সঞ্চয় করহ।

Life is short, but art is long.

জীবন অতি সংক্ষেপ কিন্তু বিদ্যা বিবিধা।

বেদাদ্যনেক শাস্ত্রাণি স্বল্পায়ুর্ব্বিঘ্ন কোটয়ঃ। তস্মাৎ সারং বিজানীয়াৎ হংসঃ ক্ষীরমিবাম্ভসি।

বেদআদি নানাশাস্ত্র নাই পারাপার। শাস্ত্রের সমুদ্র হয় অকূল পাথার। জীবের জীবন তায় অতি অল্পকাল। দেখিতে দেখিতে উপস্থিত হয় কাল। যদি কহ যদবধি পরমায়ুঃ তার। তদবধি উপার্জ্জন করিবে বিদ্যার। তাহাতেও নানা বিঘ্ন ঘটে বারবার। এমতে শাস্ত্রের সিন্ধু জীবের অপার। অতএব শুন সাধু যথা হংসগণ। জল ত্যজি দুগ্ধ পান করে অনুক্ষণ। তেমতি শাস্ত্রার্ণবে করিয়া মজ্জন। অসার ত্যজিয়া সার করহ গ্রহণ।

علم هر چند بیشتر خوانی چو عمل در تو نیست نادانی

نه محقق بود نه دانشمند چارپایی برو کتابی چند

বিবিধবিদ্যা অধ্যয়ন করিয়া যদি অনুষ্ঠান না থাকে তবে বিদ্বান্

হইয়াও মূর্খ যেরূপ চতুষ্পাদের পৃষ্ঠে পুস্তকের ভার থাকিলে চতুষ্পাদ কখন তত্ত্বজ্ঞ ও বিচক্ষণ হইতে পারে না।

Philosophy is then only valuable, when it serves for the law of life, and not for the ostentation of science.

বিদ্যাব্যবসায় যদ্যপি জীবনেতে মনুষ্যের ধর্ম্মাধর্ম্ম ব্যবস্থার নিমিত্তে হয় তবেই প্রশংসিত বটে নতুবা বিদ্যাভিমানের জন্য বিদ্যা ব্যবসায় নহে।

তেনাধীতং সর্ব্ব শাস্ত্রং যেন ধর্ম্মমনুষ্ঠিতং অধার্ম্মিকস্য বিদ্বেষ্যা বিদ্যা সা বিফলা যতঃ।

সেই ব্যক্তিই সর্ব্ব শাস্ত্র অধ্যয়ন করিয়াছে যে ব্যক্তি ধর্ম্মানুষ্ঠান করিয়াছে নতুবা অধার্ম্মিক ব্যক্তির বিদ্যা নিন্দনীয়া যেহেতুক সে বিদ্যা বিফলা।

هر که تامل نکند در جواب
بیشتر آید سخنش ناصواب

যে ব্যক্তি বিচার না করিয়া কথোপকথন করে তাহার মুখহইতে অনেক অসঙ্গত কথা স্খলিতা হয়।

The thoughtless man bridleth not his tongue; he speaketh at random, and is entangled in the foolishness of his own words.

নির্ব্বোধ ব্যক্তি আপন জিহ্বাকে বশতাপন্না না করিয়া অকস্মাৎ

কথা কহে অবশেষে তাহার আপন বচনের অনভিজ্ঞতাপ্রযুক্ত আপনিই বদ্ধ হয়।

পৌর্ব্বাপর্য্য পরিজ্ঞান বিহীন বচনোপি যঃ। স্বীয় বাগ্জালতো বদ্ধঃ স ভবেন্নাত্র সংশয়ঃ।

পূর্ব্বাপর জ্ঞানরহিত হইয়া যে বাক্য কহে সে ব্যক্তি অবশ্যই আপন বাগ্জালেতে বদ্ধ হয়।

نه گفته ندارد کسی با تو کار

ولیکن چو گفتی دلیلش بیار

বাক্য না কহিলে তোমার সহিত কাহারও সম্পর্ক নাই কিন্তু বাক্য কহিলেই নিদর্শন দেখাইতে হয়।

Confine your tongue, lest it confine you.

জিহ্বাকে বদ্ধা কর নতুবা সে তোমায় বদ্ধ করিবেক।

বহুভাষা ন বক্তব্যা যতঃ সা বিঘ্নসম্পদা। বরং মূকত্ব মাপ্নো হি অবাকস্য ন শাত্রবঃ।

বিস্তর কথা কহা উচিত নহে যেহেতুক তাহাতে বিঘ্ন সম্পন্ন করে অতএব বরং মূকত্বপ্রাপ্ত হও কারণ বোবার শত্রু নাই।

مشو غره بر حسن گفتار خویش

به تحسین نادان و پندار خویش

আপনার বাক্যের উৎকর্ষ্যতায় অথবা মূর্খের প্রশংসায় কিম্বা আপনার বিবেচনায় দাম্ভিক হওয়া উচিত নহে।

If thou wouldest be esteemed in the judgment of others, cast off the folly of seeming wise in thine own conceit.

যদিস্যাৎ অন্যের বিচারে বড় হইতে চাহ তবে আত্মবুদ্ধিতে আপনাকে জ্ঞানী দেখা এই দোষটি ত্যাগ করহ।

আত্মন্যেব গুরুজ্ঞানং লঘুরূপায় কল্পনং লঘুজ্ঞানন্তু গুর্ব্বর্থং ইতি নীতিবিদাম্মতং।

আপনাতে গুরু জ্ঞান করা লঘু হওনের নিমিত্ত হয় অথচ আপনাতে লঘুজ্ঞান গুরু হওনের কারণ ইহাই নীতিবিৎ পণ্ডিতেরদিগের মত।

هر كه نصيحت بخود رائى ميكند او خود به نصيحت ديگرى محتاج است

যে ব্যক্তি স্বেচ্ছাচারি মূর্খকে উপদেশ করে সে স্বয়ং অন্যের উপদেশের সাপেক্ষ হয়।

Speak not in the ears of a fool; for he will despise the wisdom of thy words. Cast not your pearls before swine.

মূর্খের কর্ণকুহরে সদুপদেশ কহিও না কারণ মূর্খকে উপদেশ করিলে সে তোমার কথার সারকে অসার বোধ করিবেক। অতএব বন্য শূকরের নিকট মুক্তা নিক্ষেপ করা উচিত নহে।

কিং মাল্যহারং বৃষ গর্দ্দভে চ কিং মিষ্টদ্রব্যং মৃগ শূকরে চ। অন্ধস্য দীপং বধিরস্য গীতং মূর্খস্য শাস্ত্রং কিঞ্চানুরাগং।

বৃষ ও গর্দ্দভেতে মাল্যহার কি শোভা পায় এবং মৃগ ও শূকরে মিষ্টদ্রব্যের রস বোধ কি হয় অথচ অন্ধের নিকট প্রদীপ ও বধিরের নিকট সঙ্গীত ও মূর্খের নিকট শাস্ত্রীয় কথা কি অনুরাগ পায়।

هزار بیت وغزل پیش جہہ حیران است

সহস্র শ্লোক ও কবিতা মূর্খের নিকট নিষ্ফল হয়।

A thousand morals can be of little use to a senseless man.

সহস্র নীতি কথাতেও নির্বোধের কিছুই কার্য্য দর্শে না।

যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিং লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি।

যাহার বুদ্ধিই নাই শাস্ত্রে তাহার কি কার্য্য দর্শে যেহেতুক চক্ষুহীন যে অন্ধ তাহার দর্পণে কি করিতে পারে।

جواب ابلہان باشد خموشی

নিরুত্তর মূর্খের কথার সদুত্তর।

Silence is the proper answer to a fool's word.

অবোধের কথায় মৌন হইয়া থাকিলেই যথার্থ উত্তর দেওয়া হয়॥

বেদাঃ প্রমাণং স্মৃতয়ঃ প্রমাণং ধর্ম্মার্থযুক্তং বচনং প্রমাণং যস্য প্রমাণং ন ভবেৎ প্রমাণং কস্তস্য কুর্য্যাৎ বচনং প্রমাণং।

বেদ ও স্মৃতি ও ধর্ম্মার্থযুক্ত বচন এই সকলকে প্রমাণ কহা যায়

কিন্তু যে মূর্খের প্রমাণেতে প্রামাণ্য না হয় তাহার নিকট কথায় কে প্রমাণ করিতে পারে।

هرکه نصیحت نشنود سر ملامت شنیدن دارد

যে ব্যক্তি হিত কথা না শুনে সে ব্যক্তি কেবল আপনার অপযশঃ শুনিবার অভিপ্রায় রাখে।

He who will take no advice, but be always his own Counsellor, shall be sure to have a fool for his Client.

যে ব্যক্তি উপদেশ গ্রহণ না করে কিন্তু আপনিই আপনার উপদেষ্টা হয় এমন ব্যক্তি অবশ্যই মূর্খের হস্তে পতিত হয়।

সুহৃদাং হিতকামানাং যঃ শৃণোতি ন ভাষিতং। আপৎ সন্নিহিতা তস্য স নরঃ শত্রুনন্দনঃ।

হিতাভিলাষি মিত্র লোকেরদের কথা যে না শুনে তাহার বিপৎ অতিনিকট আর সে লোক শত্রুর আনন্দজনক।

همه کس را عقل خود بکمال نماید و فرزند خویش بجمال

সকলে আপনার বুদ্ধিকে পরিপাটি বোধ করেন এবং আপনার সন্তানকে সুন্দর দেখেন।

Every one thinks his own wisdom perfect, and his own child beautiful.

আত্মবুদ্ধিকে তাবতেই নিপুণা বোধ করে এবং আপন সন্তানকে সকলেই সুদৃশ্য জ্ঞান করে।

কুর্ব্বন্নপি ব্যলীকানি যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ।

কুৎসিত কর্ম্ম করিলেও যে আপনার প্রিয় সে অবশ্যই প্রিয় হয়।

خود گم است کرا رهبری کند

স্বয়ং অন্ধ হইয়া অপরকে কিরূপে পথ দেখাইবে।

He that is blind himself can never direct the way to another.

যে ব্যক্তি স্বয়ং অন্ধ সে কখন অন্য ব্যক্তিকে পথ দেখাইতে পারে না।

স্বয়মসিদ্ধঃ কথং পরান্ সাধয়তি।

যে নিজে অসিদ্ধ সে অপরকে সিদ্ধ কি করিবে।

لقمان را پرسیدند که ادب از که آموختی گفت از بی ادبان

কোন ব্যক্তি লোকমান্ নামা জ্ঞানবানকে জিজ্ঞাসা করিল যে তুমি কাহার নিকট রীতি শিক্ষা করিয়াছ তিনি উত্তর করিলেন যে অনীতিজ্ঞের নিকট।

Cato observed, that wise men learn more by fools, than fools by wise men; for they see their weakness, to avoid it; these consider not their virtues, to imitate them.

কাটোনামক এক বিলক্ষণ বিচক্ষণ ব্যক্তি এই উপদেশ করিতেছেন যে অজ্ঞলোক বিজ্ঞের নিকট যত শিক্ষা করে তদপেক্ষা বিজ্ঞ লোক অজ্ঞের নিকট অধিক শিক্ষা করে যেহেতুক বিজ্ঞ ব্যক্তি অজ্ঞের দোষ দেখিয়া ত্যাগ করে কিন্তু অজ্ঞ ব্যক্তি বিজ্ঞের গুণ দেখিয়া শিক্ষা করে না।

ধীমতা মূর্খতো বিদ্যা শিক্ষিতা নিজবিজ্ঞয়া। মূর্খাচারবিচারাণাং বিপরীতং চরেদ্যতঃ।

জ্ঞানবান ব্যক্তি আপন জ্ঞানের প্রভায় মূর্খের নিকটেও বিদ্যোপার্জ্জন করেন যেহেতুক মূর্খেরদিগের আচার বিচার দৃষ্টি করিয়া তাহার বিপরীতকে সদাচার জ্ঞানে তদাচার স্বীকার করেন।

حاصل علم بود علم خدا

ঈশ্বরজ্ঞান ইহাই বিদ্যার যথার্থ ফল।

The end of learning is to know God, and out of that knowledge to love him, and to imitate him, as we may the nearest by possessing our souls of true virtue. *Milton.*

ঈশ্বরজ্ঞান বিদ্যার পর্য্যবসান এবং সেই জ্ঞানাৎ ঈশ্বরেতে ভক্তি অথচ সদ্গুণেতে আপনাকে অন্বিত করিয়া ঈশ্বরের অনুবর্ত্তন ইহাই বিদ্যার তাৎপর্য্য।

সা বিদ্যা তন্মতির্যয়া।

সেই বিদ্যাই বিদ্যা যে বিদ্যায় ঈশ্বরে মতি হয়।

عالم هر کجا که رود حرمتش کنند

বিদ্বান্ ব্যক্তি যে দেশে যায় সেই দেশে পূজ্য।

All countries are a wise man's home.

জ্ঞানবান্ ব্যক্তির সকল দেশই স্বদেশের তুল্য।

স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে।

রাজা কেবল আপন দেশে পূজনীয় হয়েন কিন্তু বিদ্বান্ সর্ব্ব দেশেতেই পূজনীয়।

روستائی را عقل از پس می آید

মূর্খের পশ্চাৎ বুদ্ধি হয়।

Fools act first, and think afterwards.

মূর্খ সকলে অগ্রে কোন কর্ম্ম করে পরে তাহার শোচনা করে।

ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ।

মূর্খ সকল কোন বিষয় হইয়া গেলে দেখিতে পায়।

روستائی را اگر سراپا طلا باشد خانه اش مس خواهد بود

মূর্খ যদ্যপি আপাদমস্তক স্বর্ণযুক্ত হয় তথাপি তাহার অন্তরে তাম্রব্যতীত স্বর্ণ নাই।

Fine dressing is a foul house swept before the door.

মূর্খ সুবেশে ভূষিত যেমন মলিন গৃহ বহির্দ্বার পরিষ্কৃত।

দূরতঃ শোভতে মূর্খো লম্বষাটপটাবৃতঃ তাবচ্চ শোভতে মূর্খো যাবৎ কিঞ্চিন্ন ভাষতে।

লম্বষাট সুবেশে আবৃত হইয়া কেবল দূরেতেই মূর্খ শোভা পায় কিন্তু তাবৎ যাবৎ কথা না কহে।

هر ماری مهره ندارد

সকল সর্পে বিষ নাই।

Every snake is not poisonous.

সকল সর্প বিষযুক্ত নহে।

শৈলেং ন মাণিক্যং মৌক্তিকং ন গজে গজে। সাধবো নহি সর্ব্বত্র চন্দনন্ন বনে বনে।

সকল পর্ব্বতে মাণিক্য হয় না ও সকল হস্তিতে গজমুক্তা হয় না ও সকল স্থানেতে সাধু জন্মে না ও সকল বনেতে চন্দন হয় না।

گل هم خار دارد

গোলাব ফুলেতে কণ্টক আছে।

No rose without its thorns.

কণ্টক ভিন্ন গোলাব ফুল নাই।

চন্দনতরুষু ভুজঙ্গা জলেষু কমলানি তত্রচ গ্রাহাঃ।

চন্দন বৃক্ষেতে সর্পাবৃত এবং জলমধ্যে যেখানে পদ্ম পুষ্প সেখানে কুম্ভীর।

که هیچ نفس بشر خالی از خطا نبود

মানব দেহমাত্রেই দোষবিহীন নহে।

The wisest of men have their follies, the best have their failings, and the most temperate have, now and then, their excesses.

যে ব্যক্তি জ্ঞানিতম তাহারও দোষ আছে এবং যে ব্যক্তি অত্যুত্তম তাহারও ভ্রম হয় অথচ যে ব্যক্তি অতিশয় পরিমিতাচারী তাহারও কখন না কখন অপরিমিতাচার হয়।

ভীমস্যাপি রণে ভঙ্গো মুনীনাঞ্চ মতিভ্রমঃ।

ভীমেরও কদাচিৎ রণে ভঙ্গ হয় এবং মুনিরদিগেরও মতিভ্রম হয়।

قدر وانی موجب قدر افزونی است

পরগুণের গুণজ্ঞতা স্বগুণের গুণাধিক্যের নিমিত্ত হয়।

Doing justice to worthy qualities is a credit to our judgment.

সদ্গুণের গুণজ্ঞতা করাতে আমারদিগের স্ববুদ্ধির গৌরব বৃদ্ধি।

গুণো বন্দ্যোঽবন্দ্যো যদি চ পরগুণে নাদরভরঃ।

আপনার বন্দনীয় যে গুণ তাহা অবন্দনীয় হয় যদি পরগুণে সমূহ আদর না থাকে।

ثنا خود بخود گفتن نمی زیبد که ای صایب
چو زن پستان خود مالد حظوظ نفس کی یابد

আত্মমহিমা আত্মমুখে ব্যক্ত করা শোভা পায় না যেহেতুক কামিনী আত্মহস্তে আত্মস্তন মর্দ্দন করিলে কদাচ সুখোদয় হয় না।

It is folly to make much of one's own quality, by one's own words.

আত্মমুখে আত্মগুণগরিমা ব্যক্ত করা নিতান্ত দোষ।

নিজগুণমহিমাসুখাকরঃ স্যাৎ স্বয়মুদ্গিরতাং সতাং ন তাবৎ। নিজকরকমলেন কামিনীনাং কুচকলসাকলনেন কোবিদ।

সল্লোকেরদিগের নিজগুণমহিমা যাবৎ আত্মমুখে ব্যক্ত না হয় তাবৎ সুখাকর হয় আত্মমুখে আপনার গুণোৎকীর্ত্তনে সুখ জন্মে না যেমন কামিনীর কুচকলস আপনার করপদ্মে আকলন করণে সুখোৎপত্তি হয় না।

هر کرا خوش آمد خود را فراموش کرد

যে ব্যক্তিকে মিথ্যা প্রশংসা প্রিয়া হয় সে ব্যক্তি আপনাকে আপনি বিস্মৃত হয়।

Whoever encourages flattery which he has sense enough to see through, is a vain coxcomb.

যে ব্যক্তি দিব্যজ্ঞানে দেখিয়াও মিথ্যা প্রশংসাতে প্রশ্রয় করে সে ব্যক্তি কেবল আত্মশ্লাঘী অপাদর্থমাত্র।

মিথ্যা স্তোত্রৈর্বিমূঢ়ো যঃ আত্মানং মন্যতে পরং। তেন দোষেণ মহতা মানভ্রষ্টো ভবেদ্ধ্রুবং।

মিথ্যাস্তবপ্রযুক্ত যে ব্যক্তি আপনাকে শ্রেষ্ঠ জ্ঞান করে সে ব্যক্তি ঐ মহদ্দোষহেতুক অবশ্যই মানভ্রষ্ট হয়।

اگر بهر سر موییت دو صد خرد باشد
خرد بکار نیاید چو بخت بد باشد

যদি মনুষ্যের লোমেং শতং বুদ্ধি থাকে আর ভাগ্য যদি মন্দ হয় তবে সে বুদ্ধিতে কিছুই কার্য্য দর্শে না।

A man's wisdom, œconomy, good sense, and skill in human life, if he be under misfortune, are of little use to him in the disposition of any thing. *Spectator.*

মনুষ্যের বিজ্ঞতা ও পরিমিতাচার ও বুদ্ধি ও গুণসমূহ যদি স্যাৎ দুর্ভাগ্য হয় তবে তাহার কোন কার্য্যসাধনায় কিঞ্চিতো উপকারের নিমিত্ত হয় না।

ভাগ্যং ফলতি সর্ব্বত্র ন বিদ্যা ন চ পৌরুষং।

ভাগ্যানুসারেই ফল ভাল হয় বিদ্যাতেও নয় ও পৌরুষেও নয়।

কিংকরিষ্যতি নরঃ প্রাজ্ঞো দেবো যত্র বিরোধকঃ।

জ্ঞানবান হইয়া মনুষ্য কি করিতে পারে যদি বিধাতা বিরুদ্ধ হয়েন্।

گر زبان را باسمان دوزی
بد مندت زیاده از روزی

লালসায় যদি জিহ্বা আকাশপর্য্যন্ত লোলিত করহ তথাপি বিধাতা বিধিলিপির অধিক দেন না।

No one can get more than what is allotted by destiny.

যাহা অদৃষ্টে নির্ব্বন্ধ হইয়াছে তদপেক্ষা অধিক কেহ প্রাপ্ত হয় না।

ললাটলেখো ন পুনঃ প্রয়াতি।

অদৃষ্টে যাহা নির্ব্বন্ধ হইবার এককালেই হইয়াছে পুনশ্চ হইবেক না।

خدا که میدهد نمی پرسد که کیستی

ঈশ্বর যখন দেন তখন জিজ্ঞাসা করেন না যে কে তুমি।

When God intends a man a kindness, he comes to his house.

ঈশ্বর যখন অনুকূল হয়েন তখন এককালে ঘরে আসিয়া উপস্থিত হয়েন।

আজগাম যদা লক্ষ্মীর্নারিকেলফলাম্বুবৎ। নির্জ্জগাম যদা লক্ষ্মীর্গজভুক্তকপিত্থবৎ।

লক্ষ্মী যখন আইসেন তখন নারিকেলের ফলের ন্যায় আইসেন যখন যান তখন হস্তিকর্ত্তৃক ভুক্ত কাথবেলের ন্যায় যান।

تا رنج نبری گنج برنداری

দুঃখ স্বীকার না করিলে সম্পত্তি লাভ হয় না।

No pains, no profits.

বিনাক্লেশে লভ্য হয় না।

নহি সুখং দুঃখৈর্ব্বিনা লভ্যতে।

দুঃখব্যতীত সুখলাভ হয় না।

جوینده یابنده است

সচেষ্ট অভীষ্ট লাভ করে।

Nothing is impossible to a willing mind.

আন্তরিক প্রতিজ্ঞা হইলে কিছুই অসাধ্য নয়।

যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী।

যাহার যেমন ভাবনা তাহার তেমনি সিদ্ধ হয়।

بهر کاری که همت بسته گردد اگر خاری بود دسته گردد

যে কোন কর্ম্মে সাহস বান্ধা যায় যদি সে কর্ম্মে কণ্টক থাকে তাহাও কুসুম প্রায় হয়।

What the indolent think impossible, can be attained by diligence.

অলসপর ব্যক্তি যে বস্তুকে অসাধ্য করিয়া জানে তাহা সাহসপূর্ব্বক প্রয়াস করিলে সিদ্ধ হয়।

সাহসে ভজতে লক্ষ্মীঃ।

সাহস করিলে লক্ষ্মী বশীভূতা হয়েন।

اقبال کرم می گزد ارباب ہمم را

উৎসাহসম্পন্ন ব্যক্তিকে সৌভাগ্য সম্পদ আপনাহইতেই প্রাপ্ত হয়।

Prosperity and success are the industrious man's attendants.

সৌভাগ্য এবং জয়লাভ ইহারা উদ্যোগি পুরুষের সঙ্গের সঙ্গী।

উৎসাহসম্পন্নমদীর্ঘসূত্রং ক্রিয়াবিধিজ্ঞং ব্যসনেষ্বশক্তং শূরং কৃতজ্ঞং দৃঢ়সৌহৃদঞ্চ লক্ষ্মীঃ স্বয়ং যাতি বিলাসহেতুঃ।

উৎসাহশীল ও অচিরক্রিয় ও কার্য্যের বিধিজ্ঞ ও ব্যসনে অশক্ত ও শূর ও কৃতজ্ঞ ও সদ্বন্ধুযুক্ত ব্যক্তিকে লক্ষ্মী স্বয়ং বিলাসের নিমিত্ত হয়েন।

مشکلی نیست که آسان نشود
مرد باید که هراسان نشود

এমন বিপত্তিই নাই যে সমতা না হয় অতএব পুরুষের পৌরুষ সেই যে ভগ্নসাহস না হয়।

A noble spirit disdaineth the malice of fortune : its greatness of soul is not to be cast down.

মহাসাহসি ব্যক্তি অদৃষ্টজন্য ব্যাঘাতকে তুচ্ছজ্ঞান করে যে হেতুক তাহার আত্মীয় পরাক্রম কদাচ দূর হয় না।

আপৎ সন্নিহিতে চৈব শূরঃ শৌর্য্যং ন মুঞ্চতি প্রাণান্তে প্রকৃতিস্থস্য বিকৃতিং নাপি গচ্ছতি।

আপদ্ সন্নিকট হইলেও শূর পুরুষ কদাচ আপন শৌর্য্যগুণ ত্যাগ করেন না যেহেতুক প্রাণান্তেও তাহার প্রকৃতি বিকৃতি প্রাপ্ত হয় না।

مرد باید که در کشاکش دهر سنگ زیرین آسیا باشد

পুরুষের কর্ত্তব্য যে সংসারে বিপৎকালীন জাঁতার নীচস্থ প্রস্তরের ন্যায় ধৈর্য্যাবলম্বন করে।

A courageous man, as a rock in the sea, standeth firm, and the dashing of the waves disturbeth him not.

সাহসি ব্যক্তি সমুদ্রমধ্যস্থ পর্ব্বতের ন্যায় সর্ব্বদা স্থির হইয়া থাকে যেহেতুক তাহাকে সাগরতরঙ্গের প্রবাহ লাগিয়া কদাচ অস্থির করিতে পারে না।

ন সাহসী বিপত্তৌ চ সাহসং ত্যজতি ক্ষণং। বেলাগিরি র্যথোর্ম্মিভিঃ কম্প্যতে ন চ নম্যতে।

সাহসি ব্যক্তি বিপদে পড়িয়াও ক্ষণকাল সাহস ত্যাগ করে না তাহার দৃষ্টান্ত সমুদ্রতীরস্থ যে পর্ব্বত সে সহস্র ঢেউ লাগিয়াও কম্পমান অথবা নম্রমান হয় না।

فرج بعد از شدت است

দুঃখের অনন্তর সুখ হয়।

Good and ill fortune do as naturally succeed one another as day and night.

সৌভাগ্য ও দুর্ভাগ্য পরস্পর দিবারাত্রির ন্যায় প্রাপ্ত হয়।

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখং।

সুখের পশ্চাৎ দুঃখ ও দুঃখের পর সুখ হয়।

چرا نالد کسی از تنگ دستی

که گنج بیقیاس است تندرستی

মনুষ্য রিক্তহস্ত হইয়া ধনলোভে কি নিমিত্তে ক্রন্দন করে দেখ শরীরারোগ্য ইহাই অপরিমিত ধন।

Happiness consists in health. When we are in perfect health and spirits, we feel in ourselves a happiness, independent of any outward circumstances whatever.

শরীরারোগ্যতেই যাবদীয় সুখ বর্ত্তে দেখ যখন আমরা সুস্থ শরীরে সতেজে থাকি তখন আমারদিগকে যে সুখ বোধ হয় সে সুখ অন্যান্য উপরি সুখের সাপেক্ষিত নহে।

কঃ সৌখ্যমরোগিতা।

প্রশ্ন সুখ কি উত্তর শরীরারোগ্য।

بدست آهک تفته کردن خمیر

به از دست بر سینه پیش امیر

স্বহস্তে কলিচূণ প্রস্তুত করিয়াও দিনপাত করা ভাল কিন্তু ভাগ্যবন্ত লোকের নিকটে বক্ষস্থলে করপুটে দণ্ডায়মান থাকিয়া যে সেবাধর্ম্ম তাহা ভাল নয়।

A mean freedom is more naturally desired than a golden servitude. Fetters of gold are still fetters.

উঞ্ছবৃত্তি করিয়াও যদি স্বাধীনতা হয় তবে তাহা স্বর্ণময় যে সেবাধর্ম্ম তদপেক্ষা প্রার্থনীয় যেহেতুক শৃঙ্খল যদি স্বর্ণের হয় তথাচ বন্ধনব্যতীত নয়।

সম্পত্তয়ঃ পরাধীনাঃ সদাচিত্তমনির্বৃতং। স্বজীবিতে২প্যবিশ্বা সস্তেষাং কে যে চ সংশ্রিতাঃ।

যাহারা রাজার আশ্রিত তাহারদিগের সম্পত্তি পরায়ত্ত আর অন্তঃকরণ সর্ব্বদা দুঃখিত আর স্বকীয় প্রাণেতেও অপ্রত্যয়।

کار امروز را به فردا مگذار

অদ্যকার কর্ম্ম কল্যকার প্রতি নির্ভর করিও না।

Whatsoever thou resolvest to do, do it quickly; defer not till the evening what the morning may accomplish.

যাহা করিতে বাঞ্ছা করহ তাহা শীঘ্রই করিবা এবং যাহা সকালে সম্পন্ন হইতে পারে তজ্জন্য বৈকালপর্য্যন্ত বিলম্ব করিও না।

শ্বঃকার্য্যমদ্য কর্ত্তব্যং পূর্ব্বাহ্নে চাপরাহ্নিকং নহি প্রতী ক্ষতে মৃত্যুঃ কৃতমস্য ন বা কৃতং।

কল্যকার কর্ম্ম অদ্যই করিবেক এবং অপরাহ্নের কর্ম্ম পূর্ব্বা হ্নেই সমাধা করিবেক যেহেতুক মৃত্যু কৃত অথবা অকৃত কর্ম্মের অপেক্ষা করে না।

درخت کاهلی کفر آورد بار

শৈথিল্যের বৃক্ষে বিপরীত ফল ফলে।

Delay breeds danger.

শৈথিল্য বিপদরূপ সন্তানকে উৎপন্ন করে।

হেলা স্যাৎ কার্য্যনাশায় বুদ্ধিনাশায় নির্দ্ধনং।

হেলা করিলে কার্য্যনাশ ও নির্দ্ধন হইলে বুদ্ধিনাশ হয়।

کار بصبر براید و مستعجل بسر در آید

ধৈর্য্যে কার্য্য সিদ্ধ হয় ব্যস্ত হইলে ক্লেশ পায়।

As one who runneth in haste, and leapeth over a fence, may fall into a pit on the other side which he doth not see ; so is the man who plungeth suddenly into any action, before he hath considered the consequences thereof.

যেমন কোন ব্যক্তি ব্যস্ত সমস্তে যাইয়া লম্ফ দিয়া কোন প্রাচীরোল্লঙ্ঘন করাতে অজ্ঞানতঃ তাহার প্রতিকূলস্থ কূপমধ্যে পাতিত হয়, তদ্রূপ যে ব্যক্তি শেষ না ভাবিয়া কোন কর্ম্মারম্ভ করে সে সহসা তৎকর্ম্মে পতিত হয়।

সহসা বিদধীত নক্রিয়ামবিবেকঃ পরমাপদাং পদং। বৃণতে হি বিমৃষ্যকারিণং গুণলুব্ধাঃ স্বয়মেব সম্পদঃ।

অকস্মাৎ কার্য্য করিবে না যেহেতুক বিবেচনারাহিত্য অত্যন্ত

বিপদের স্থান কিন্তু পরামর্শপূর্ব্বক কর্ম্মকর্ত্তাকে গুণলোভি সম্মতি সকল আপনিই প্রাপ্ত হয়।

چو کار از دست رفت ندامت چہ سود

যে কর্ম্ম হাতছাড়া হইয়াছে তাহার অনুশোচনায় ফল কি।

After wit is seldom good.

অনুশোচনায় অল্পই কার্য্য দর্শে।

গতস্য শোচনা নাস্তি।

যাহা গত হইয়াছে তাহার আর শোচনা নাই।

ہیچکارہ ہمہ کارہ است

অকর্ম্মণ্য অসার ব্যক্তি সকল কর্ম্মে আড়ম্বর করে।

He who does nothing, pretends to do every thing.

যে ব্যক্তি কোন কর্ম্ম না করে সে তাবৎ কর্ম্মেরি ছল করে।

অসারস্য পদার্থস্য প্রায়েণাড়ম্বরো মহান্। নহি তাদৃগ্ধ্বনি স্বর্ণে যাদৃক্কাংস্যে প্রজায়তে।

অসারের প্রায় আড়ম্বর ভারি দেখ কাংস্যে যত শব্দ হয় তত স্বর্ণে হয় না।

صاحب دیانت ہمیشہ بہ امانت خداست

সাধু ব্যক্তি সর্ব্বদাই ঈশ্বরের রক্ষার মধ্যে।

No man is wise, or safe, but he that is honest.
Sir W. Raleigh.

যে ব্যক্তি সুজন সে যেমন নির্ভয় এমন আর কেহ নাই।

সৌজন্যং যদি কিং পরৈঃ।

সুজনের সৌজন্য গুণে পরকে ভয় কি।

راستی موجب رضای خداست
کس ندیدم که گم شد از ره راست

সত্যতা ঈশ্বরের কৃপার নিমিত্ত হয় অথচ সত্যপথাবলম্বী কাহাকেও ভ্রষ্ট হইতে দেখি নাই।

Rectitude is the means of conciliating divine favor.

সত্যতা ঈশ্বরের করুণার সম্ভাবনার নিমিত্ত হয়।

যতঃ সত্যং ততঃ সুখং।

যেহেতুক সত্য সেইহেতুক সুখ হয়।

یکی را که عادت بود راستی
خطائی کند در گذاری رواست
وگر نامور شد بقول دروغ
اگر راست گوید تو گوئی خطاست

যে ব্যক্তির সত্যতা স্বাভাবিক ধর্ম্ম হয় সে যদি কোন ত্রুটি করে তাহা ক্ষমা করা অসম্ভব নহে কিন্তু যদ্যপি কোন ব্যক্তি মিথ্যাবাদিরূপে খ্যাত হয় তবে সে ব্যক্তি সত্য কহিলেও মিথ্যা কহিবা।

The old moral observes, that a liar is not to be believed, though he speak the truth.

প্রাচীন নীতিকথায় উপদেশ করে মিথ্যাবাদী যদ্যপি সত্য কহে তথাপি বিশ্বাসের যোগ্য হয় না।

দৈবাত্তস্মিন্নবিশ্বস্তে তদ্‌তাপ্যনৃতায়তে।

দৈবাৎ সেই বাক্যে অবিশ্বস্ত হইলে সত্য কথাও মিথ্যার তুল্য জ্ঞান হয়।

الا تا نشنوی مدح سخن گوی
که اندک مایه نفع از تو دارد
اگر روزی مرادش بر نیاری
دو صد چندان عیوبت بر شمارد

সাবধান চাটুবক্তার প্রশংসা শ্রবণ করিও না যেহেতুক তাহার অবশ্যই কিঞ্চিৎ উপকার বাঞ্ছা তোমার নিকটে আছে অতএব যদি এক দিন তাহার মানস পূর্ণ না করহ তবে তৎক্ষণাৎ তৎকর্তৃক তোমার শত শত দোষ গণ্য হয়।

Those best can bear reproof, who merit praise.

যে বক্তি চাটুবক্তার ধন্যবাদপ্রাপ্ত হইতে চাহে সে অবশ্যই তৎকর্তৃক বিশিষ্টরূপে নিন্দাবাদ সহিষ্ণুতা করে।

মিথ্যা স্তোত্রৈর্ব্বিমূঢো যঃ আত্মানং মন্যতে পরং। তেন দোষেণ মহতা মানভ্রষ্টো ভবেদ্ধ্রুবং।

মিথ্যাস্তবপ্রযুক্ত যে ব্যক্তি আপনাকে শ্রেষ্ঠ জ্ঞান করে সে ব্যক্তি ঐ মহদ্দোষহেতুক অবশ্যই মানভ্রষ্ট হয়।

خوش سخن باش تا امان باشی

প্রিয়ভাষী হও যে নির্ব্বিঘ্নে থাকিবা।

Nothing more engages the affections of men, than an handsome address, and graceful conversation. *Spectator.*

সুমধুর কথা এবং সুন্দর আলাপদ্বারা যে প্রকার মনুষ্যকে বাধিত করে তাদৃক আর কিছুই বাধিত করে না।

বাঙ্মাধুর্য্যাৎ সর্ব্বলোকপ্রিয়ত্বং বাক্পারুষ্যাৎ সর্ব্বলোকাপ্রিয়ত্বং। কিম্বা লোকে কো.কলে নোপনীতং কোবা লোকে গর্দ্দভস্যাপরাধঃ।

বাক্যের মাধুর্য্যদ্বারা সকল লোকের স্নেহ হয় এবং বাক্যের পারুষ্যদ্বারা সকলের স্নেহচ্ছেদ হয় দেখ পৃথিবীতে কোকিলের দ্বারা কাহার কি উপকার হইয়াছে কিন্তু সকলেই ভাল বাসে অথচ সংসারে গর্দ্দভই বা কি অপরাধ করিয়াছে কিন্তু কেহ ভাল বাসে না।

لایق مجلس نباشد هر که خندد بی محل
کفش چون دندان برارد می کند از پای دور

যে ব্যক্তি অসময়ে হাস্য করত আপন দন্ত বিস্তার করে সে সভার উপযুক্ত পাত্র না হইয়া তাদৃক ত্যাজ্য হয় যেমন পাদুকা নষ্টা হইয়া দন্ত বাহির করিলে পাহইতে নিঃক্ষিপ্তা হয়।

He is as great a fool that laughs at all things, as he that frets at every thing.

যে ব্যক্তি সকল কথাতেই হাস্য করে সে তাদৃক মূর্খ হয় যাদৃক কোন ব্যক্তি প্রতি কথাতেই রাগ করিলে হয়।

অপ্রাপ্তকালো যো মূর্খো হসেৎ স্বেচ্ছানুসারতঃ। প্রাপ্নুয়াদ্বহ্ব্যবজ্ঞানং সভায়াঞ্চৈব শাশ্বতং।

যে মূর্খ সময় প্রাপ্ত না হইয়া স্বেচ্ছানুসারে হাস্য করে সে সভামধ্যে পুনঃ পুনঃ অবজ্ঞাপ্রাপ্ত হয়।

بزرگان خورده بر خوردان نگیرند

মহল্লোক ক্ষুদ্র লোকের দোষ গ্রহণ করেন না।

Superiors do not notice the faults of inferiors.

উৎকৃষ্ট অপকৃষ্টের দোষানুসন্ধান করেন না।

শূর্পবদ্দোষমুৎসৃজ্য গুণং গৃহ্ণন্তি সাধবঃ। দোষগ্রাহী গুণত্যাগী হ্যসাধুস্তিতউর্যথা।

সাধু লোক কুলার ন্যায় অসার দোষ ত্যাগ করিয়া সার যে গুণ তাহাই গ্রহণ করেন কিন্তু অসাধু ব্যক্তি চালনীর ন্যায় গুণ ত্যাগ করিয়া দোষ গ্রহণ করেন।

هر چه در دیگ است بکچه می آید

হাণ্ডিতে যাহা থাকে হাতায় তাহাই আইসে।

What the heart thinks, the mouth speaks.

যাহা মনে তাহাই বচনে।

যত্রাকরেঽস্তি যদ্বস্তু তস্মাত্তদ্ধি প্রকাশতে। ফণিনো গরলং যাতি চন্দ্রান্নিঃসরতে সুধা।

যাহাতে যে বস্তু থাকে তাহাহইতে তাহাই প্রকাশ পায় দেখ সর্পহইতে বিষ ও চন্দ্রহইতে অমৃত ক্ষরে।

الخاموش نیم راضی

মৌনেতে অর্দ্ধেক সম্মতি।

Silence gives consent.

মৌনদ্বারা সম্মতিহয়।

মৌনং সম্মতি লক্ষণং।

মৌন সম্মতির লক্ষন হয়।

انجاکه عیان است چه حاجت به بیان

প্রত্যক্ষ বিষয়ে প্রমাণের আবশ্যক কি।

What is rational carries its own weight.

প্রত্যক্ষ বিষয় আপনার ভার আপনিই বহে।

প্রত্যক্ষে কঃ প্রমাণং।

প্রত্যক্ষবিষয়ে প্রমাণ কি।

راز خود با یار خود چند انکه توانی مگوی

আপনার গুহ্য কথা বন্ধুর নিকটে যত কহিতে পার ততই কহিও না।

Only trust thyself, and another shall not betray thee.

কেবল আপনার প্রতি বিশ্বাস করহ তবে অন্য কেহ তোমার বিশ্বাসঘাতক হইবেক না।

নবিশ্বসেদবিশ্বস্তং বিশ্বস্তং নাতিবিশ্বসেৎ। কদাচিৎ কুপিতং মিত্রং সর্ব্বদোষং প্রকাশয়েৎ।

অবিশ্বাসি ব্যক্তিকে বিশ্বাস করিবেক না অথচ বিশ্বস্ত ব্যক্তিকে ও অতিবিশ্বাস করা নহে যেহেতুক কদাচিৎ মিত্র কুপিত হইলে সমুদায় দোষ প্রকাশ করে।

مشک و عشق توان نهفت

মৃগনাভির গন্ধ এবং প্রণয়ের অনুবন্ধ অপ্রকাশ থাকে না।

Love cannot long be concealed where it is, nor dissembled, where it is not. *Roch.*

প্রীতি যে স্থানে হয় কদাচ গোপনে থাকে না এবং যে স্থানে না হয় তথা মিথ্যাপবাদ কখন হয় না।

মৃগনাভীদৃশীপ্রীতি নতু গোপায়তে কৃচিৎ। আবৃতাপি পুনস্তস্য গন্ধং সর্ব্বত্র গচ্ছতি।

মৃগনাভির ন্যায় যে প্রীতি ইহা কুত্রাপি গোপনে থাকে না আবরণ করিলেও তাহার গন্ধ সর্ব্বত্রেই যায়।

عاشق کور می باشد

যে ব্যক্তি আসক্ত সে ব্যক্তি চক্ষুহীন হয়।

Reason is blinded by affection.

প্রেমাসক্ত হইলে জ্ঞানান্ধ হয়।

কামুকশ্চ ন ধর্ম্মবিৎ।

যে ব্যক্তি কামাসক্ত সে কখন ধর্ম্মজ্ঞ হয় না।

درمان بکسی رسد که دردی دارد

যাহার ব্যথা তাহাকেই লাগে।

None knows so well where the shoe wrings, as he that wears it.

ছিন্ন পাদুকার কোনখানে শব্দ হয় তাহা যে ব্যক্তি পরিয়া আছে সে ব্যতীত অন্যে জানে না।

নহি বন্ধ্যা বিজানীয়াৎ গুর্ব্বীং প্রসববেদনাং।

গর্ব্ভবতীর প্রসব বেদনা গর্ব্ভিণীই জানে বন্ধ্যা জানে না।

ظلم ظالم پایهٔ دیوار خود را می کند

অত্যাচারির অত্যাচারণ কেবল তাহার আপনার নিপাতের জন্য ভিত্তি খননমাত্র।

None more impatiently suffers injuries than he that is forward in doing them.

যে নিগ্রহ করাতে আগু সে যেমন ব্যাগু হইয়া নিগ্রহ ভোগ করে এমন আর কেহ ভোগ করে না।

অপরাধ বিহীনো যৈঃ পীড়াভিঃ পীড্যতে নরঃ।

পীড়াকরাস্তু বিজ্ঞেয়া তে খলা সকলাহিতাঃ।

যে যে ব্যক্তির দ্বারা অপরাধহীন লোক পীড়ায় পীড়িত হয় সেই সকল জগতের অহিতকারী আপনারা পীড়ার আকর হয়।

পরের মন্দ বাঞ্ছিত ব্যক্তির কোন মানস সিদ্ধি হয় না।

Evil be to him that evil thinks.

যে ব্যক্তি পরের মন্দ বাঞ্ছা করে তাহাকেই মন্দ ঘটে।

দ্বেষমূলো মনস্তাপো দ্বেষঃ সংসারবন্ধনং।

পরের দ্বেষ করা আপনার মনস্তাপের মূল এবং পরদ্বেষ সংসারের বন্ধনস্বরূপ।

মৃত্তিকার শরীরি যে মনুষ্য তাহার অহঙ্কার ও দর্প ও আত্মশ্লাঘা করা উচিত হয় না।

Pride (to use the emphatical words of a sacred writer) was not made for man.

এক জন দৈবলেখকের উক্তি এই যে মনুষ্যের নিমিত্তে অহ ঙ্কার সৃষ্ট হয় নাই।

মানবাশুরয়োর্ম্মধ্যে বিভিন্নং লক্ষণং যথা। অশুরো মদ দর্পিষ্ঠো মানুষস্তদ্বিবর্জ্জিতঃ।

মনুষ্য এবং অশুর ইহারদিগের পরস্পর এই ভিন্ন লক্ষণ অর্থাৎ অশুর অহঙ্কার দর্পযুক্ত কিন্তু বাস্তবিক যে মনুষ্য সে তা হাতে বিমুক্ত।

تکبر عزازیل را خار کرد

অজাজীলনামক মহান্ ব্যক্তিকে কেবল অহঙ্কারে নষ্ট করে

Pride goeth before destruction.

সর্ব্বনাশের পূর্ব্বে অহঙ্কার উপস্থিত হয়।

নাহঙ্কারাৎ পরো রিপুঃ।

অহঙ্কারের পর আর শত্রু নাই।

نیکی از برای خود و بدی از برای خود

পুণ্য কর্ম্ম করিবা আপনার নিমিত্তেই করিবা এবং পাপ ক রিবা আপনার নিমিত্তেই করিবা।

In Italy, their ordinary form of asking is, do good for your own sake.

ইটালী দেশে সামান্যতো এইপর কহিয়া যত্না করে যে হে মনুষ্য আপনার নিমিত্তে সৎক্রিয়া করহ।

অবশ্যমেব ভুক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভং।

আত্মকৃত শুভাশুভ কর্ম্মের ফল আপনাকেই অবশ্য ভোগ করিতে হয়।

تو نیکی می کن و در دجله انداز
که ایزد در بیابانت دهد باز

সৎকর্ম্ম করিয়া জলে নিক্ষেপ কর তাহাতে হানি নাই যেহেতুক পরমেশ্বর তাহার প্রতিফল তুমি যেখানে থাক অর্থাৎ বনে গেলেও সেখানে পহুঁছাইবেন।

Rest satisfied with doing well, and leave others to talk of you what they please.

তুমি সৎক্রিয়া করণে সুখবোধ করহ তাহাতে তোমার পক্ষে অপরে যে যাহা বলুক বলিতে দেও।

যেন তেন প্রকারেণ যস্য কস্যাপি দেহিনঃ।
সন্তোষং জনয়েদ্ধীমান্ তদেব হরিপূজনং।

যে প্রকারে হউক ও যে কোন জীবের হউক বুদ্ধিমান্ লোক সন্তোষ জন্মাইবেক তাহাতেই ঈশ্বরের পূজাসিদ্ধি।

مرد آنست که نامش به نیکوئی ببرند

সেই ব্যক্তি ধন্য যাহার নাম সৎক্রিয়ায় প্রকাশ হয়।

Get a good name and go to sleep.

সুখ্যাতি প্রাপ্ত হও এবং নিশ্চিন্ত হইয়া নিদ্রা যাও।

স জীবতি যশো যস্য কীর্ত্তির্যস্য স জীবতি।

যাহার সুন্দর যশ আছে সেই পৃথিবীতে বাঁচিয়া আছে ও যাহার কীর্ত্তি আছে সেই বর্ত্তমান্।

ورای کرم در جهان کار نیست

দানের পর আর কর্ম্মই নাই।

There is no real use of riches, except in the distribution; the rest is all conceit.

ধনের যথার্থ ফল দানে তদ্ভিন্ন অন্যান্য সকলি বিডম্বনার জন্য। আয়াস শত লব্ধস্য প্রাণেভ্যোপি গরীয়সঃ। একৈব গতিরর্থস্য দানমন্যে বিপত্তয়ঃ।

শত শত আয়াসেতে লব্ধ অথচ প্রাণহইতেও অধিক প্রিয় যে ধন তাহার একই গতি অর্থাৎ দান দানভিন্ন অপর সকলি বিপত্তির জন্য।

ای ارسطو در ایصال خیر به مستحقان موقوف سوال ایشان مباش

অফ্‌লাতুননামক মহাবিচক্ষণ তাহাঁর শিষ্য ওরস্তুর প্রতি এই উপদেশ করিয়াছিলেন যে হে ওরস্তু তুমি যাচককে দান বিতরণ করিতে যাচকের যাজ্ঞার প্রতীক্ষা করিও না।

That which is bestowed too late, is next to not given.

বিলম্বে দান করা না দেওয়ার পূর্ব্ব ব্যবস্থা।

অর্থিনস্ত্বরিত দানেন তৃপ্তির্ভবতি যাদৃশী।
বহুদানং বিলম্বেন ন তাদৃক্ তৃপ্তি কারকং।

ত্বরিত দানে যাচকের মনে যাদৃক্ তৃপ্তি জন্মে বিলম্বে বহু দান প্রাপ্ত হইলেও তাদৃক্ তৃপ্তিকারক হয় না।

حاجت محتاج بفردا میفکن چه دانی که فردا چه حاوث شوو

যাচকের যাচিতার্থ প্রদানে কল্যপর্য্যন্ত বিলম্ব করিও না যেহেতুক কল্য কি হইবেক তাহা কে জানে।

Defer not charities till death; he that doth so, is rather liberal of another Man's, than of his own. *Lord Bacon.*

দান বিতরণে মৃত্যু কালপর্য্যন্ত অপেক্ষা করিও না যে ব্যক্তি মৃত্যুপর্য্যন্ত অপেক্ষা করে সে ব্যক্তি আপনার নিমিত্তে দাতা না হইয়া অন্যের নিমিত্তে দাতা হয়।

শ্বঃকার্য্যমদ্যকর্ত্তব্যং পূর্ব্বাহ্নে চাপরাহ্নিকং। নহি প্রতীক্ষতে মৃত্যুঃ কৃতমস্য নবাকৃতং।

خوردن برای زیستن وذکر کردن است
تو معتقد که زیستن از بهر خوردن است

ঈশ্বরের গুণ কথনার্থে জীবন রক্ষার জন্য আহার কর্ত্তব্য নতুবা আহারের জন্য জীবন ধারণ এমত নহে।

We should eat and drink, in order to live; instead of living, as many do, to eat and drink.

আমারদিগের জীবন রক্ষার নিমিত্তে যে আহার করা তাহাই কর্ত্তব্য কিন্তু যেমন অনেকে শুদ্ধ আহারের নিমিত্তে জীবন ধারণ করে তাহা কর্ত্তব্য নহে।

উদর ভরণ মাত্রং কেবলং নান্য কর্ম্ম ইতি মনুজ পশোর্ব্বা কো বিশেষঃ পশোশ্চ।

যাহার কেবল উদর ভরণমাত্র কর্ম্ম এবং অন্য ধর্ম্ম কর্ম্ম নাই সে নর পশুর সহিত সামান্য পশুর ভেদ কি।

বৃত্ত্যর্থং ভোজনং যেষাং সন্তানার্থঞ্চ মৈথুনং। সত্যার্থং বচনং যেষাং দুর্গন্যপি তরন্তিতে।

যে সকল ব্যক্তির কেবল জীবন রক্ষার্থে ভোজন এবং সন্তানোৎ পত্তির জন্য স্ত্রীসঙ্গ এবং সত্য কথনের নমিত্তে বাক্য তাহারা বিষম দুর্গহইতে নিস্তার পায়।

نیست از پلۂ دیوار قناعت صایب

سایۂ بال ہما گرچہ سعادت وارو

যদিস্যাৎ হোমা নামা পক্ষির ছায়াবলম্বনে সম্পত্তি হয় কিন্তু সন্তোষাবলম্বন অপেক্ষা সে অবলম্বন অধিক শ্রেয় নহে।

A contended mind is an inestimable treasure.

সন্তোষযুক্ত মন সেই অমূল্য ধন।

সর্ব্বাঃ সম্পত্তয়স্তস্য সন্তুষ্টং যস্য মানসং।

যাহার অন্তঃকরণ সন্তোষযুক্ত তাহার সকল সম্পত্তিই বিদ্যমান।

সন্তোষো নন্দনং বনং।

সন্তোষ আনন্দ উপবনের তুল্য।

دوستی را که بعمری فراچنگ آرند نشاید که بیکدم بیازارند

سنگی بچند سال شود لعل پاره

زنهار تا بیک نفس نشکنی بسنگ

অতিদীর্ঘ কালেতে লব্ধ যে বন্ধু তাহাকে অকস্মাৎ এক মুহূর্ত্তে পীড়া দেওয়া কর্ত্তব্য নহে। দেখ কত বর্ষ গত হইলে পুস্তর রত্ন হয় অতএত সাবধান সে রত্নকে এক মুহূর্ত্তে ভগ্ন করিবা না।

Since friendship is of great importance to our well-being and happiness, we are to take care not to let it be broken by tale-bearers and whisperers, or any other contrivance of our enemies.

যেহেতুক আমারদিগার ভাল থাকনের এবং সুখভোগ করণের প্রধান কারণ বন্ধুতা অতএব যাহাতে এরূপ বন্ধুত্ব মিথ্যাপবাদে ও নিন্দুক লোকের কথায় কিম্বা বিপক্ষের অন্যকোন চাতুর্য্যেতে ভগ্ন না হয় এপ্রযুক্ত সদাসাবধান থাকা কর্ত্তব্য।

মহারত্ন সমো মিত্রো বহু যত্নেন লভ্যতে। অকস্মাদ্যেন সো ভগ্নস্তেন সর্ব্বং বিভজ্যতে।

পরম রত্ন তুল্য যে বন্ধু তিনি বহু যত্ন দ্বারা লব্ধ হয়েন কিন্তু অকস্মাৎ সেই বন্ধুরূপ রত্ন যে ব্যক্তিকর্ত্তৃক ভগ্ন হয় তৎ কর্ত্তৃক সকলই নষ্ট হয়।

ابلہی کو روز روشن شمع کافوری نہد

زود بینی کش بشب روغن بناشد درچراغ

যে মূর্খ দীপ্তিমান্ দিবামধ্যে কর্পূরপূরিত প্রদীপ উদ্দীপন করে তাহার রাত্রিকালীন প্রদীপে অতিশীঘ্রই তৈলাবসান হয়।

He that too much indulgeth in the superfluities of life, shall live to lament the want of it's necessaries.

যে ব্যক্তি জীবদ্দশায় বহুব্যয়ে প্রশ্রয় করে সে ব্যক্তি জীবনের জীবিকার অভাবজন্য পশ্চাৎ অনুতাপ করে।

ক্ষিপ্রমায়মনালোক্য ব্যয়মানঃ স্ববাঞ্ছয়া।

ক্ষুদ্র এব ভবেচ্চাসৌ ধনী বৈশ্রবণোপমঃ।

আয় না দেখিয়া আপন ইচ্ছাতে শীঘ্র ব্যয় করিলে কুবেরের তুল্য ধনবানও ক্ষুদ্র হয়।

گدا اگر ہمہ عالم بدو دہند گداست

ভিক্ষুককে যদি সমুদায় পৃথিবী দান করে তথাপি সে ভিক্ষুকই থাকে।

The Dutch have a good proverb, alms never impoverish, thefts never enrich, prayers hinder no work.

হলণ্ডীয়েরদিগের এক উত্তম দৃষ্টান্ত আছে যে ভিক্ষা দিলে

দৈন্য হয় না ও চৌর্য্যবৃত্তিতে ধনবৃদ্ধি হয় না এবং ঈশ্বরের আরাধনাতে কাল হানি হয় না।

ভিক্ষৈর্নৈব চ নৈব চ।

ভিক্ষাতে লক্ষ্মী কদাচ বশীভূতা হয়েন না।

ضعیفی کہ با قوی دلاوری کند یار دشمن است در ہلاک خویش

যে ব্যক্তি দুর্ব্বল হইয়া প্রবলের সহিত শূরত্ব প্রকাশ করে সে ব্যক্তি আপনার বিনাশের হেতু শত্রুনন্দন হয়।

No alliance is safe which is made with those that are superior to us in power.

যাহারা অস্মদাদির অপেক্ষা পরাক্রমে গুরুতর তাহারদিগের সহিত সমযোগ্যতা প্রকাশ করিলে কদাচ রক্ষা নাই!

বলিনা সহ যোদ্ধব্যমিতি নাস্তি নিদর্শনং। যুদ্ধন্তু হস্তিনা সার্দ্ধং নরাণাং প্রাপ্তকালবৎ।

বলবানের সহিত যুদ্ধ করিবেক এমত নিদর্শন নাই যেহেতুক মনুষ্যেরদিগের হস্তির সিহত যে যুদ্ধ সে মরণকে উপস্থিত করে।

আত্মনশ্চ পরেষাঞ্চ যঃ সমীক্ষ্য বলাবলং অন্তরং নৈব জানাতি স তিরস্ক্রিয়তে ২রিভিঃ।

আপনার এবং অপরের বলাবল দেখিয়া যে ব্যক্তি ইহার প্রভেদ না জানে সে ব্যক্তি শত্রুকর্ত্তৃক তিরস্কৃত হয়।

انقلاب اطوار خاصہ روزگار است

গতিকের বৈপরীত্য কালের ধর্ম্ম।

Events are constantly unlike one another.

কালধর্ম্ম পরস্পর বিপরীত।

কালস্য কুটিলা গতিঃ।

কালের গতি কুটিলা।

غلام همت آنم که دل بکس ننهاد

যে ব্যক্তির মন কাহারও প্রতি বশীভূত না হয় তাহার দাসত্ব স্বীকার করি।

Not to be addicted too much to any one thing is the most excellent rule of life.

কোন বস্তুর অত্যন্ত বশীভূত না হওয়া ইহা মহদ্ধর্ম্ম।

নায়মত্যন্ত সংবাসঃ কদাচিৎ কেনচিৎ সহ।

অপি স্বেন শরীরেণ কিমুতান্যেন কেনচিৎ।

অত্যন্ত প্রণয় কাহারও সহিত কর্ত্তব্য নহে নিজ দেহেরও সহিত কর্ত্তব্য নহে অন্যের সঙ্গে কি।

هر وقت خوش که دست دهد مغتنم شمار
کس را وقوف نیست که انجام کار چیست

যেক্ষণ শুভক্ষণ উপস্থিত সেই ক্ষণকেই যথেষ্ট জ্ঞান করহ যে হেতুক কালের কি গতি তাহা কাহাকেও সুগোচর নহে।

This instant is thine; the next is in the womb of futurity and thou knowest not what it may bring forth.

এই উপস্থিত কালই তোমার বটে ইহার পশ্চাৎ যে কাল তাহা ভবিষ্যতের গর্ব্ভমধ্যে যেহেতুক সে কাল কি পুসবে তাহা অগোচর।

ন জানাসি সমস্তাস্তু কালস্য কুটিলা গতীঃ। বিহায় ভাবি ভাব্যানি সাম্প্রতং সুখমাচর।

কালের সমুদায় কুটিলা গতি অগোচর অতএব ভবিষ্যদ্ভাব না ত্যাগ করিয়া সম্প্রতি সুখী হও।

ইতি পারস্য ভাষার দৃষ্টান্ত সমাপ্ত।

শ্রীশ্রীঈশ্বরোজয়তি।

ARABIC PROVERBS, AND MORALS,

WITH CORRESPONDING PIECES IN THE PERSIAN, ENGLISH, AND SANSCRIT LANGUAGES,

---

আরবীয় ভাষার চলিত দৃষ্টান্ত ও নীতিশিক্ষা এবং তৎসদৃশ পারস্য ও ইংরাজী ও সংস্কৃত দৃষ্টান্ত।

هوالاول هوالاخر

اوست اول واوست هم آخر

তিনি আদি তিনি অন্ত।

God is the first and last of all.

ঈশ্বর সকলের আদি ও সকলের অন্ত।

ঈশ্বরো জগতামাদিশ্চান্তঃ সৈব সনাতনঃ।
সৃষ্টিস্থিতিলয়াদীনাং নান্যঃ কর্ত্তা দ্বিতীয়কঃ।

যেহেতুক জগতের আদি ঈশ্বর ও অন্তও সেই নিত্যসনাতন। পুনঃ এই জগতের সৃষ্টিস্থিতিলয়ের সেই এক ভিন্ন দ্বিতীয় কর্ত্তা নাই।

العبد يدبر والله يقدر

تقدير ز حق باشد وتدبير ز بنده

মনুষ্যহইতে ধ্যান বিধাতাহইতে বিধান।

Man proposes and God disposes.

মনুষ্য প্রার্থনা করে ঈশ্বর দান করেন।

স্বযন্তু দানে জগতাং বিধাতা ততস্ততোহি গ্রহণে মনুষ্যাঃ।
জ্ঞাত্বা বিশিষ্টৈরিদমাপতন্তীং চিন্তামধীরঃ কুরুতে বৃথা কিং।

জগতের মধ্যে দাতা বিধাতা এবং তদ্দ্বারা অভীষ্টলাভহেতুক মনুষ্য সৃষ্ট হইয়াছে ইহা বিশিষ্টরূপে জানিয়াও অবোধ লোক বৃথা কি চিন্তা করে।

حا صل العلم معرفت الله

حاصل علم بوو علم خدا

ঈশ্বর জ্ঞান বিদ্যার পর্য্যবসান।

The end of learning is to know God. *Milton.*

ঈশ্বরকে জানা ইহাই বিদ্যার শেষ তাৎপর্য্য।

সা বিদ্যা তন্মতির্যয়া।

বিদ্যা সেই যাহাতে ঈশ্বরে মতি হয়।

الا نسان مُرکب من الخطا ، والنسيان

که هیچ نفس بشر خالی از خطا نبوو

মনুষ্য দোষেতে ও ভ্রমেতে সংযুক্ত।

Every man hath his own failings.

সকলেরি দোষ আছে।

মুনীনাঞ্চ মতিভ্রমঃ।

মুনিরদিগেরও মতিভ্রম আছে।

الانسان حريص علي ما منع

هر چیز یکه شد منعش پدیدار

یران شد آدمی را آز بسیار

মনুষ্য নিষিদ্ধ আচরণে লোভী হয়।

Man is naturally inclined to do what is prohibited.

নিষিদ্ধাচরণে মনুষ্য সহজেই ইচ্ছুক।

কো ন তৃপ্যতি বিত্তেন সমৃতঃ কো ন পণ্ডিতঃ।

ধনেতে তৃপ্ত না হয় কে নিষিদ্ধ কর্ম্মেতে পণ্ডিত নয় কে।

من عمل صالحا فلا نفسه واسا فعليها

هر چه کنی به خود کنی گر همه نیک و بد کنی

যে ব্যক্তি সৎকর্ম্ম করে সে আপনার নিমিত্তেই করে।

Do good for your own sake.

সৎকর্ম্ম আপনার নিমিত্তেই করিবা।

অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভং।

আত্মকৃত সৎকর্ম্ম ও অসৎকর্ম্ম আপনাকেই ভোগ করিতেই হই বেক।

خذ ما صفا ودع ما كدر

بگیر انچه صفای خاطر است وبگذار
انچه از و مکدر حاصل است

সার গ্রহণ কর অসার পরিত্যাগ কর।

Good choice is the portion of solid judgment.

যথার্থ বিচারের তাৎপর্য্য সার গ্রহণ করা।

তস্মাৎ সারং বিগৃহ্ণীয়াৎ হংসঃ ক্ষীরমিবাম্ভসি।

অতএব সেই প্রকার সারগ্রহণ করিবেক যেরূপ দুগ্ধমিশ্রিত জলেতে হংস গ্রহণ করে।

عز من قنع ذل من طمع

کہ عزت یافت ہر قانع دولت یافت ہر طامع

সন্তোষী সমাদরণীয় ও লোভী নিন্দনীয়।

Contentment is the kingdom of happiness, and covetousness is the root of all evil.

সুখের রাজত্ব হয় নিরাকাঙ্খা এবং দুঃখের মূল হয় আকাঙ্খা

আশয়া কৃতদাসো যঃ স দাসঃ সর্ব্বদেহিনাং।

আশা দাসীকৃতা যেন তস্য দাসায়তে জগৎ।

আশার দাস সকল লোকের দাস হয় কিন্তু আশাকে যে দাসী করে তাহার দাস জগৎসংসার।

الصبر مفتاح الفرج

صبر باشد کلید کار نیکو

ধৈর্য্য সর্ব্বকার্য্যের সিদ্ধিদাতা।

Patience, constancy, and perseverance, in an honest cause, and duty, can never fail of a happy end, one way or other.

ধৈর্য্য ও দার্ঢ্য ও উৎসাহ এই সকল কোন মহৎকর্ম্মে যদ্যপি হয় তবে যেপ্রকারে হউক তৎকর্ম্মের সুন্দররূপ সমাধায় বাধা হয় না।

যস্মিন্ কর্ম্মনি চোৎসাহী ভবেদ্ধৈর্য্যমুপাগতঃ।

অচিরেণৈব তৎসিদ্ধিরিতি নীতিবিদাম্মতং।

উৎসাহী ব্যক্তি যে কর্ম্মেতে ধৈর্য্যাবলম্বী হয় অতিশীঘ্রই তাহার সিদ্ধি হয় ইহা নীতিজ্ঞেরদিগের মত জানিবা।

کل امرا مرهونتا باوقاتها

تا در نرسد وعدهٔ هر کار که هست

سودی ندهد یاری هر یار که هست

তাবদ্বিষয়ে সময় অপেক্ষা করে।

Nothing can be accomplished unseasonably.

অকালে কিছুই লব্ধ হয় না।

দৈবং পুরুষকারশ্চ কালশ্চ পুরুষোত্তম। ত্রয়মেতন্মনুষ্যাণাং পিণ্ডিতংস্যাৎ ফলাবহং।

দৈব ও পুরুষকার ও কাল এই তিনের একযোগে মনুষ্যদিগের ফললাভ হয়।

کل اناء يترشح بما فيه

از کوزه همان کند طراوت که دراوست

যে ঘটে যে বস্তু থাকে তাহাহইতে তাহাই বাহির হয়।

What the heart thinks, the mouth speaks.

যাহা অন্তরে তাহাই বাহিরে।

যত্রাকরেস্তি যদ্বস্তু তস্মাত্তদ্ধি প্রকাশতে।

ফণিনো গরলং যাতি চন্দ্রান্নিঃসরতে সুধা।

যে আকরে যে বস্তু থাকে তাহাহইতে তাহাই প্রকাশ পায় দেখ সর্পহইতে বিষ এবং চন্দ্রহইতে অমৃত ক্ষরে।

القرض مقراض المحبة

وام جدا کننده دوستان است از یکدیگر

ঋণ মৈত্রতার বিচ্ছেদকারক।

Lend your money and lose your friend.

মিত্রকে ঋণদান করিলেই মিত্রতা নষ্ট।

ঋণং মৈত্রান্ন কর্ত্তব্যং ন দেয়ঞ্চাপি মৈত্রকে।

প্রীতিচ্ছেদকরী জ্ঞেয়া তস্মাদ্বৈ ঋণকর্ত্তনী।

মিত্রের নিকট ধার করিবেক না অথচ মিত্রকে ধার দিবেক না যেহেতুক ঋণেতে মিত্রের সহিত বিচ্ছেদ হয় অতএব ঋণ কর্ত্তনী স্বরূপ জানিবা।

ان مع العسر يسرا فان مع العسر يسرا

پس بر محنتی راحت نشسته است

দুঃখের পর সুখ হয় ইহা নিশ্চয় জানিবা।

Prosperity and adversity succeed one another as day and night.

দিবারাত্রির ন্যায় সুখ দুঃখ পরস্পরপ্রাপ্ত হয়।

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখং।

সুখের পর দুঃখ ও দুঃখের পর সুখ।

قتل الموذي قبل لاايذا

اذیت دهنده را بکش پیش ازانکه اذیت دهد

হিংসাকরণের পূর্ব্বেই হিংসুককে নষ্ট করা উচিত।

Kill a wicked man before he begins to injure.

দুরাত্মাকে দৌরাত্ম্য প্রকাশের পূর্ব্বেই মারা কর্ত্তব্য।

জিঘাংসন্তং জিঘাংসীয়াৎ ন তত্র ব্রহ্মহা ভবেৎ।

হিংসাকর্ত্তাকে হিংসা করিবেক ইহাতে ব্রহ্মহত্যা হয় না।

يهدي به ولا يهتدى

توبه فرمايان چرا خود توبه كمتر مى كنند

আপনি পথ না দেখিয়া অন্যকে পথ দেখায়।

A learned man, without temperance, is a blind man carrying a link ; he sheweth the road to others, but doeth not guide himself.

ধর্ম্মানুসন্ধানরহিত যে বিদ্বান্ সে মশালচীর ন্যায় আপনি পথ দেখে না অন্যকে পথ দেখায় মাত্র।

স্বয়মসিদ্ধঃ কথং পরান্ সাধয়তি।

আপনি অসিদ্ধ কিন্তু অপরকে সাধনা করায়।

زرني غبا تزدد حبا

زيارت كن مرا بدرنگ اگر زياده خواهى محبت را

যদি প্রীতি অধিক বাঞ্ছা কর তবে বিলম্বে সাক্ষাৎ কর অর্থাৎ অতিপরিচয়ে প্রীতির অবজ্ঞা হয়।

Love me little, and love me long.

অল্প অনুগ্রহপ্রকাশ করিবেন যে প্রীতি চিরস্থায়িনী হয়।

অতিপরিচয়াদবজ্ঞা সন্তত গমনাদনাদরেপি ভবতি। মলয়ে ভিল্লিপুরন্ধ্রী চন্দনতরুমিন্ধনং কুরুতে।

অতিশয় পরিচয়েতে তাচ্ছল্য হয় ও সর্ব্বদা গমনাগমনে অনাদর হয় দেখ মলয় পর্ব্বতের নিকটস্থ লোক প্রাচুর্য্যহেতুক চন্দন কাষ্ঠকে রন্ধনকাষ্ঠ করে।

ضرب الحبيب زينة

رون دوست محض زیبای است

বন্ধুর নিগ্রহ অভরণের ন্যায়।

A friend's frown is better than a fool's smile.

ভণ্ড ব্যক্তির হাস্যপরিহাস অপেক্ষা বন্ধু লোকের নিগ্রহ প্রকাশও ভাল।

চণ্ডভানুকরপাতপীড়নং সেহিরে ন করিণোঽপি তৎক্ষণং।
পদ্মিনী তদসহিষ্ণুসস্মিতং প্রেম বস্তু কিমহো বিচিত্রিতং।

সূর্য্যের প্রচণ্ড উত্তাপজন্য যে পীড়া তাহা ক্ষণকাল প্রকাণ্ডহস্তীও সহিতে পারে না কিন্তু পদ্মিনী তাহা ঈষদ্ধাস্য করিয়া সহিষ্ণুতা করেন অতএব প্রীতি কি চমৎকার বস্তু।

المکتوب نصف الملاقات

نامهٔ دوست نصف دیدار است

পত্রে অর্দ্ধেক সাক্ষাৎ।

Hearing from a friend, gives half the pleasure of seeing a friend.

বন্ধুর সাক্ষাতের অর্দ্ধেক সুখ বন্ধুর পত্রে।

বার্ত্তয়ান্যমুখাৎ পাদঃ পত্র্যাচার্দ্ধং সমাদিশেৎ। দূতে ত্রিপাদ মাখ্যাতং সম্পূর্ণং প্রিয়দর্শনাৎ।

প্রিয় ব্যক্তির বার্ত্তা অন্য লোকের প্রমুখাৎ প্রাপ্ত হইলে এক পাদ সাক্ষাৎ হয় পত্রদ্বারা অর্দ্ধেক সাক্ষাৎ দূতের দ্বারা ত্রিপাদ সাক্ষাৎ কিন্তু চাক্ষুষ প্রত্যক্ষে সম্পূর্ণ সাক্ষাৎ হয়।

الكريم اذا وعد وفي

چو وعده کرد کریمی بجای می آرد

দাতা ব্যক্তি যাহা প্রতিজ্ঞা করিবেক তাহা অবশ্যই পালন করিবেক।

My promise, and my faith shall be so sure,
As neither age can change, nor art can cure.

পতিজ্ঞা এবং ধর্ম্মনিষ্ঠা এরূপ দৃঢ়তর হইবেক যে দীর্ঘকালেও তাহার ব্যত্যয় হইবেক না।

ন চলতি খলু বাক্যং সজ্জনানাং কদাচিৎ।

সজ্জনের কথা কদাচ অন্যথা হয় না।

من ضحک ضحک

بر خندیده می خندند مردم

যে ব্যক্তি অন্যকে উপহাস করে সে আপনিই উপহসিত হয়।

He that in company only studies men's diversion, shall be sure at the same time to lose their respect. *Epict.*

যে ব্যক্তি সভামধ্যে কেবল অপরের প্রতি বিপরীত উপহাস করে সে ব্যক্তি নিঃসন্দেহ সভাস্থকর্ত্তৃক অমর্য্যাদাপ্রাপ্ত হয়।

পরিহাসং গুরোস্থানে চাপল্যঞ্চ বিবর্জ্জয়েৎ।

মান্য লোকের নিকট পরিহাস ও চপলতা ত্যাগ করিবেক নতুবা বিপরীত।

اهل الغرض مجنون

آنانکه غرض مندند دیوانه صفت باشند

লোভার্ত্ত উন্মত্ত।

He that is self-interested is mad.

যে ব্যক্তি আত্মস্বার্থী সে ব্যক্তি উন্মাদগ্রস্ত।

লোভেন বুদ্ধিশ্চলতি লোভো জনয়তে তৃষাং।

লোভেতে বুদ্ধি অস্থিরা হয় লোভেতে তৃষ্ণা জন্মায়।

غضب الحليم آفة

غصه برد بار جان کاهست

নিক্রোধির ক্রোধ অতিবিষম।

The anger of a man of forbearance is certainly dangerous.

সহিষ্ণুব্যক্তির ক্রোধ অবশ্যই ভয়ানক হয়।

অক্রোধস্য যদা ক্রোধঃ সর্ব্বনাশায় কল্প্যতে।

রাঘবস্য প্রকোপেণ বদ্ধো নদনদীপতিঃ।

অক্রোধির যখন ক্রোধ হয় তখন সর্ব্বনাশ উপস্থিত দেখ শ্রী রামচন্দ্রের কোপেতে নদনদীপতি যে সমুদ্র তিনিও বদ্ধ হইলেন।

التعجيل من الشيطان والتحميل من الرحمان

شتاب کاری از شیطان وبرد باری از رحمان

অস্থিরতা প্রেতের কর্ম্ম ও স্থৈর্য্য মহতের ধর্ম্ম।

Precipitation ruins the best-laid designs; whereas patience ripens the most difficult, and renders the execution of them easy.

অস্থিরতায় সুস্থিরীকৃত বিষয় নষ্ট হয় অথচ স্থৈর্য্যেতে সুকঠিন কর্ম্ম সুপক্বতাপূর্ব্বক নিষ্পন্ন করিতে সাধ্য হয়।

অল্পারম্ভে ইপ্যাল্পধিয়ঃ কামং ব্যগ্রা ভবন্তিহি।

মহারম্ভাঃ কৃতধিয়স্তিষ্ঠন্তি চ নিরাকুলাঃ।

নির্ব্বুদ্ধি লোকেরা অল্পকর্ম্ম করে আর বড় ব্যস্ত হয় সুবুদ্ধি লোকেরা বড় কর্ম্ম করে অথচ ব্যাকুল হয় না।

قلم الخروج قبل الولوج

علاج واقع پیش از وقوع

ঘটনীয়ের ঘটনার পূর্ব্বেই উপায় কর্ত্তব্য।

Look before you leap.

পড়িবার পূর্ব্বেই দেখা উচিত।

উত্থায়োত্থায় বোদ্ধব্যং মহদ্ভয়মুপস্থিতং।

মরণব্যাধিশোকানাং কিমদ্য নিপতিষ্যতি।

মহাভয় উপস্থিত ইহা পূর্ব্বেই সচেতন হইয়া চিন্তা করিবেক যেহেতু মরণ ও ব্যাধি ও শোক ইহার মধ্যে অদ্য কি ঘটিবেক তাহা কে জানে।

وللصحبة تاثيرٌ *

صحبت دوستان اثر دارد

সংসর্গের গুণ আশ্রয় করে।

By associating with the intelligent we also acquire wisdom, while by keeping company with the vicious we too become contaminated.

সঙ্গ গুণে গুণী হয় সঙ্গ দোষে দোষী হয়।

সংসর্গজা দোষগুণা ভবন্তি।

দোষ ও গুণ সংসর্গের দ্বারা জন্মে।

العلم وحشي قيدوها بالتكرار

علم وحشی باشد وقیدش بود تکرارها

বিদ্যা বনজ জন্তুর ন্যায় কিন্তু পুনঃ২ অভ্যাস সূত্রে বদ্ধ হয়।

Learning is as a wild beast, very difficult to be got, unless it is chained by practice.

বিদ্যা বন্য পশুতুল্য অর্থাৎ অভ্যাসদ্বারা বদ্ধ না করিলে পাওয়া দুঃসাধ্য।

বিদ্যামভ্যসনেনৈব প্রসাদয়িতুমর্হসি।

বিদ্যাকে অভ্যাসদ্বারা প্রসন্না করিতে পার।

সর্ব্বদা জপ্তবিদ্যানাং বিদ্যা নাতি ভবিষ্যতি।

সর্ব্বদা যাহারা বিদ্যাকে জপ করে তাহারদিগের কি অভিপ্রায় বিদ্যা হয় না অর্থাৎ অবশ্যই হয়।

السرّ اذا جاوز الاثنين فشاع *

هران سرّی که از یک باز شد افشای عالم شد

আত্মভিন্ন অন্য দুই জনকে যদি গুহ্য কথা ব্যক্ত হয় তবে তাহা সর্ব্বত্রই প্রকাশ হয়।

That which is known to three persons is no secret.

যাহা তিন জনকে ব্যক্ত হয় তাহা কদাচ গুপ্ত নয়।

ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রস্তথা প্রাপ্তস্য বার্ত্তয়া।

ইতি মন্ত্রি দ্বিতীয়েন মন্ত্রঃ কার্য্যো মহীভুজা।

যেহেতুক মন্ত্রণা ষট্‌কর্ণ হইলে স্বীয় অভিলাষ সিদ্ধ হয় না এই নিমিত্তে রাজা আপন মন্ত্রির সহিত গোপনে মন্ত্রণা করিবেক।

خیرالامور اوسطها

خوشترین کارها میانه گراست

তাবদ্বিষয়ের মধ্যবিত প্রশংসিত।

An honest mediocrity is the happiest state a man can wish for.

বিহিত মধ্যবিত অবস্থা অতিশয় আহ্লাদদায়িকা ও সকলের বাঞ্ছিতা হয়।

উত্তমে বিঘ্নবত্তাস্তি হ্যধমো দুঃখভাজনঃ।

তস্মাৎ সর্ব্বত্র যোগ্যত্বাৎ শ্রেষ্ঠো বৈ মধ্যমঃ স্মৃতঃ।

উত্তমে বিঘ্ন সম্ভাবনা আছে অধমেও দুঃখোপযোগিতা অতএব সর্ব্বত্র যোগ্যতাপ্রযুক্ত মধ্যমই উৎকৃষ্ট।

خیرالکلام ماقل ودل.

خوشترین سخن بود ای یارکه بود کم ومعنیش بسیار

সেই বাক্য প্রশংসিত যাহাতে অল্প শব্দে অধিক ভাবার্থ সপ্রমাণ হয়।

A short and significant speech is praise-worthy.

সংক্ষেপে বহু অর্থসূচক বাক্য কহা প্রশংসিত হয়।

ইদমুত্তমমতিশয়িনি ব্যঙ্গে বাচ্যাদ্ধ্বনির্বুধৈঃ কথিতঃ।

ইহার ভাষার্থ লিখিতব্য।

الدنیا مزرعة الاخرة

کشت زار بقاست این دنیا

ইহ সংসার পরলোকের ফলাফলের ক্ষেত্রস্বরূপ।

Our actions in this world will bring upon us either reward or punishment in the next.

ইহ লোকে যে কর্ম্ম করা যায় পরলোকে তাহারি পুরস্কার অথবা শাস্তি প্রাপ্তি হয়।

যদত্র দীয়তে জন্তোস্তৎপরত্র সদা লভেৎ।

অন্নাদানাৎ নৃপঃ শ্বেতঃ স্বর্গেভূঙ্ক্ত স্বমাংসভুক্।

ইহলোকে যাহা দান করে পরলোকে তাহাই লব্ধ হয় দেখ শ্বেত রাজা স্বর্গেতে যাইয়াও অন্নদান অকরণপ্রযুক্ত আপন মাংস ভোজন করিয়াছিলেন।

موتوا قبل ان تموتوا

মরণের পূর্ব্বেই মর।

خاک شو پیش از انکه خاک شوی

ভস্মসাৎ হওনের পূর্ব্বেই ভস্মসাৎ হও।

Live to die.

মরিতে থাক।

গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ।

মৃত্যুকর্তৃক কেশে গৃহীতের ন্যায় আপনাকে ভাবিয়া ধর্ম্মাচরণ করিবেক।

ইতি আরবীয় ভাষার দৃষ্টান্ত।

সমাপ্তোঽয়ং গ্রন্থঃ।